১। স্পিরিট ক্যাজুপুটী ... ... ½ ঔন্স।
— এমন এরোমেটিক ... ½ ঔন্স।
— ক্লোরফরম ... ... ½ ঔন্স।

১ ঔন্স জলের সহিত ১ ড্রাম মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য। (ডাঃ ষ্টিফেন্ মেকেঞ্জি)

২। পটাশ বাইকার্ব্ব ... ... ২ ড্রাম।
স্পিরিট এমন এরোমেটিক .. ১½ ড্রাম।
লাইকর ষ্ট্রিকনিয়া ... ... ৩০ মিনিম।
স্পিরিট ক্যাজুপুটী ... ১½—২ ড্রাম।
— ক্লোরফরম ... .. ১ ড্রাম।
ইন্ফিউশন্ জেন্শিয়ান্ কোং অথবা
এনিথাই ওয়াটার ... ... ৬ ঔন্স।

আহারান্তে বেদনা সহ আধ্মানে আহারের মধ্যবর্ত্তী সময়ে ১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ঐ)

৩। লাইকর বিশমথ এট্ এমনি সাইট্রেটিস্ ৩ ড্রাম।
সোডি বাইকার্ব্ব ... ... ২ ড্রাম।

স্পিরিট ক্লোবফবম	...	... ১ ড্রাম।
— ক্যাজুপুটি	...	... ২ ড্রাম।
লাইকব ষ্ট্রিক্নিযা	...	... ২০ মিনিম।
একোযা এনিথাই	...	... ৬ ঔন্স।

পাকস্থলীতে অত্যন্ত বেদনা হইলে আহাবেব মধ্যবর্ত্তী সময়ে ১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন বাব সেব্য। (ঐ)

৪। এসিড্ কার্ব্বলিক	...	... ১২ গ্রেণ।
জিন্সাই ভেলেবিবানাস্	..	. ২০ গ্রেণ।
এলযেন্	...	... ৬ গ্রেণ।
একষ্ট্রাক্ট নক্সভমিকা	...	... ১১/৪ গ্রেণ।
এক্ষ্ট্রাক্ট জেন্শিযান	...	যথা প্রযোজন।
অযেল এনিথাই	...	.. ১ মিনিম।

১২ বটীকা, প্রাতঃকালে এবং বাত্রিতে ২ বটীকা সেব্য। (ঐ)

৫। পিল এসাফেটিডা কোং	...	... ২০ গ্রেণ।
এলযেন		... ৩ গ্রেণ।
এক্ষ্ট্রাক্ট নক্সভমিকা	...	... ১ গ্রেণ।

৬ বটীকা, প্রাতঃকালে এবং বাত্রিতে ২ বটীকা সেব্য। (ঐ)

৬। পিল্ এসাফেটিডা কোং	...	... ৩০ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা	...	... ১ গ্রেণ।
এলযেন	...	... ৩ গ্রেণ।

৬ বটীকা, আক্ষেপ বর্ত্তমান থাকিলে প্রাতঃকালে এবং রাত্রিতে দুই বটীকা সেব্য। (ঐ)

৭। সোডি বাইকার্ব্ব	...	... ২ ড্রাম।
স্পিরিট ক্লোবফরম	...	... ১ ড্রাম।

— এমন এরোমেটিক	...	২ ড্রাম।
টিং কার্ডেমম্ কোং	... ...	৩ ড্রাম।
স্পিরিট ক্যাজুপুটী	... ...	১ ড্রাম।
একোয়া মেন্থপিপ	... ..	৬ ঔন্স।

অম্লসহ আধ্মান বর্ত্তমান থাকিলে ১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। (ঐ)

৮। এসাফেটিডা	... ...	৩৬ গ্রেণ।
পাল্ভ বিয়াই	... ...	১২ গ্রেণ।
অয়েল ক্যাজুপুটী	.. ...	১২ মিনিম।

১২ বটীকা, অজীর্ণসহ আধ্মান হইলে ২ বটীকা রাত্রিতে সেব্য। (ডাঃ রস্)

৯। স্পিরিট এমন এরোমেটিক	...	১ ড্রাম।
— ইথার ক্লোরিক	... ...	১ ড্রাম।
সিরাপ জিঞ্জার	... ...	৪ ড্রাম।
একোয়া এনিথাই	... ...	৪ ঔন্স।

উদরাধ্মানে ১ ঔন্স মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ ড্রুইট্)

১০। পাল্ভ বিয়াই	... ...	২০ গ্রেণ।
মেগ্নেশিয়া কার্ব্ব	... ...	২০ গ্রেণ।
অয়েল এনিসাই	... ...	২ মিনিম।
শর্করা	.. ...	১ ড্রাম।
টিং রিয়াই	... ...	১ ড্রাম।
পরিশ্রুত জল	...	সমটি ২ ঔন্স।
স্পিরিট এমন এরোমেটিক	...	১২ মিনিম।

বালকদের আধ্মানে ১ ড্রাম মাত্রায় প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।
(ডাঃ অণ্ডারউড্)

১১। এসাফেটিডা ... ... ৩০ গ্রেণ।

পরিশ্রুত জল ... ... ৪ ঔন্স।

গুহ্যদ্বারে পিচকারী দিতে হইবে।

Gastrodynia or Gastralgia.

(গ্যাষ্ট্রডিনিয়া অর্ গ্যাষ্ট্রাল্‌জিয়া।)

পাকাশয়শূল, জঠরশূল।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ হাইড্রসায়েনিক্ ডিল্, স্পিরিট ইথারিস্, ক্ষার, বেলাডনা, বিশমথ্, ক্যাল্‌সিস্ ওবাটার, সিরিযাই অক্‌জেলাস্, ক্লোরফরম্, ক্লোরমর্ফিয়া লাইকর, কোকেন, কোডিন, ক্রিয়েজোট, মেগনেশিয়া, পেপ্‌সিন্, সোডা বাইকার্ব্ব, ওপিয়াম।

নূতন ঔষধ।

বিশমথ্ সেলিসিলাস্ (Bismuth Salicylas) ৫—২০ গ্রেণ মাত্রা, অবসাদক।

ক্লোরমর্ফিয়া লাইকর (Chloromorphia Liquor) ৫—২০ মিনিম মাত্রা, অবসাদক।

মেঙ্গেনেসিয়াই অক্‌সাইডম্ (Manganesii Oxidum) ৩—১০ গ্রেণ মাত্রা, পাকাশয শূলে উপকারী।

চিকিৎসা বিষয়ক টীকা।

পাকাশয়ের বেদনা নিবারণ জন্য ক্ষার ঔষধ যথা—মেগনেশিয়া কার্ব্ব, সোডা বাইকার্ব্ব, ক্যাল্‌সিস্, বিশমথ্ সাব্ নাইট্রাস, বিশমথ কার্ব্ব এবং ওপিয়াম্ অথবা মর্ফিয়া ব্যবহার্য্য।

বেদনা সহ বমন বর্ত্তমান থাকিলে বিশমথ সাব্ নাইট্রাস, এসিড্ হাইড্রসায়েনিক্ ডিল্. ক্রিযেজোট এবং সিবিয়াই অকৃজেলাস বিশেষ উপকারী।

কোষ্টবদ্ধতা নিবারণ জন্য মৃদুবিবেচক যথা—মেগনেশিযা সাল্ফ, রিযাই, এলোজ এবং ধাতব জল ব্যবহারে ফল দর্শে।

পরিপাক ক্রিযার সহাযতার জন্য পেপ্সিন্ আহারন্তে ব্যবহার্য্য।

১।	এসিড্ হাইড্রসাযেনিক ডিল্	২—৩ মিনিম।
	ক্রিযেজোট্ ...	১—৩ মিনিম।
	লাইকর মর্ফিযা হাইড্রক্লোরাস্	১০—২০ মিনিম।
	সোডা বাইকার্ব্ব	১০—২০ গ্রেণ।
	একোযা ...	... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। বমনসহ পাকাশয শূলে উপকারী। (ডাঃ বস্)

২।	মিশ্চুরা এমিগ্ডেলি ...	... ৫½ ঔন্স।
	এসিড্ হাইড্রসাযেনিক ডিল্	২০—৩০ মিনিম।
	টিং ওপিযাই ...	... ½ ড্রাম।
	— লেভেণ্ডিউলি কোং ...	... ২ ড্রাম।

আক্ষেপসহ পাকাশয শূলে ১ ঔন্স মাত্রায প্রত্যেক ২।৩ ঘণ্টা অন্তর সেব্য। (ডাঃ বিম্লি)

৩।	স্পিরিট এমন এরোমেটিক	১—১½ ড্রাম।
	— ইথারিস্ ...	১—১½ ড্রাম।
	মর্ফিয়া এসিটাস্ ...	... ½ গ্রেণ।
	একোযা ক্যাম্ফর ...	. ২ ঔন্স।

½ ঔন্স মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ গ্রিণ্ডরড্)

৪। আর্জেন্টাই অক্সাইড্ ... ... ৬ গ্রেণ।
পাল্ভ বিযাই ... ... ১৮ গ্রেণ।
একষ্ট্রাক্ট কোনিয়াই ... ... ৪০ গ্রেণ।
১৮ বটীকা, প্রবল শাকাশয় শূলে প্রত্যহ তিন বটীকা সেব্য।
(মিঃ ষ্টো)

৫। বিশমথ্ সাব্ নাইট্রাস্ ... ২ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... যথা প্রযোজন।
৩৬ বটীকা, প্রত্যেক বটীকা দুই ঘণ্টান্তর সেব্য। (ডাঃ জয়)

৬। মেগ্নেশিয়া কার্ব্ব ... ... ২ ড্রাম।
বিশমথ্ সাব নাইট্রাস ... ... ১২ গ্রেণ।
পাল্ভ ইপিকাক্ .. ... ২ গ্রেণ।
১২ পুরিয়া, প্রত্যহ ৩।৪ পুরিয়া সেব্য। (ডাঃ ব্রেবস্)

৭। বিশমথ্ সাব্ নাইট্রাস্ ... ২ ড্রাম।
মেগ্নেশিয়া কার্ব্ব ... ... ২ ড্রাম।
এসিড্ হাইড্রসায়েনিক ডিল্ ... ২৪ মিনিম।
একোয়া ... সমষ্টি ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ দুই বার সেব্য। (ডাঃ বিস্লি)

৮। বিশমথ্ সাব্ নাইট্রাস ... ১০ গ্রেণ।
মেগ্নেশিয়া কার্ব্ব ... ... ১০ গ্রেণ।
মিউসিলেজ একেশিয়া ... ... ১½ ড্রাম।
একোয়া অর্যান্সাই ফ্লোরিস ... ৩½ ড্রাম।
স্পিরিট এমন এরোমেটিক ... ২০ মিনিম।
একোয়া ... ... ১০ ড্রাম।
সিরাপ টলু ... ... ½ ড্রাম।

একমাত্রা, একেবারে সেব্য, আবশ্যক হইলে আর এক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ কোপ্‌ল্যাণ্ড)

৯। ফেরি সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
পাল্‌ভ এলোজ ... ... ১ গ্রেণ।
— সিনেমম্‌ কোং ... ... ৫ গ্রেণ।

২ বটীকা, আহারন্তে পাকাশয় শূলে প্রত্যহ ২ বটীকা সেব্য। (ডাঃ এবারক্রম্বি)

১০। টিং একোনাইট ... ... ৪৫ মিনিম।
সোডা বাইকার্ব্ব ... ... ১½ ড্রাম।
মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ... ১½ ঔন্স।
পবিশ্রুত জল ... ... ৬ ঔন্স।

প্রবল বেদনা হইলে ½ ঔন্স মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য। (ডাঃ বিস্‌লি)

১১। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
একষ্ট্রাক্ট লুপুলাই ... ... ১ ড্রাম।
বিশমথ্‌ সাব্‌ নাইট্রাস ... ... ৩০ গ্রেণ।
কুইনি সাল্‌ফ ... ... ৪০ গ্রেণ।

৪০ বটীকা, মুখে জল উঠা সহ পাকাশয় শূলে প্রত্যহ ২।৩ বটীকা সেব্য। (ডাঃ এইচ্‌, গ্রিন্‌)

১২। বিশমথ্‌ সাব্‌ নাইট্রাস ... ... ৪৮ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ৬ গ্রেণ।
অয়েল মেন্থপিপ্‌ ... ... ১২ মিনিম।
মিউসিলেজ একেশিয়া ... যথা প্রয়োজন।

১২ বটীকা, মুখে জল উঠাসহ পাকাশয় শূলে প্রত্যেক বটীকা ৪।৬ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ বিস্‌লি)

১৩।	মেগ্‌নেশিয়া কার্ব্ব	...	২ ড্রাম।
	পাল্‌ভ রিয়াই	...	৪০ গ্রেণ।
	স্পিরিট এমন এরোমেটিক	...	½ ঔন্স।
	সিরাপ জিঞ্জার	...	½ ঔন্স।
	একোয়া	...	৫ ঔন্স।

মুখে জল উঠাসহ পাকাশয় শূলে ১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। (ডাঃ কুপার)

১৪।	মেগ্‌নেশিয়া কার্ব্ব	...	১½ ড্রাম।
	স্পিরিট ইথারিস্	...	৩ ড্রাম।
	টিং কার্ডেমম্ কো°	...	½ ঔন্স।
	স্পিরিট এনিসাই	...	৫ ড্রাম।
	অয়েল ক্যারুই	...	৮ মিনিম।
	সিরাপ জিঞ্জার	...	২ ঔন্স।
	একোয়া ক্যাম্ফর	...	১½ ড্রাম।
	— মিস্থপিপ্	...	৫ ঔন্স।

আধ্মান এবং বমনোদ্বেগসহ পাকাশয় শূলে ১ ঔন্স মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য। (ডাঃ জয়)

১৫।	একষ্ট্রাক্ট বেলাডোনা	...	১০ গ্রেণ।
	কুইনি সাল্‌ফ	...	১ ড্রাম।

৩০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ এইচ্, গ্রিন)

Gastritis, Gastro-enteritis and Enteritis.
(গ্যাষ্ট্রাইটিস, গ্যাষ্ট্রো-এণ্টারাইটিস্ এণ্ড এণ্টারাইটিস্)।

পাকাশয় প্রদাহ, পাকাশয ও অন্ত্র প্রদাহ এবং অন্ত্র প্রদাহ।

ব্যবহৃত ঔষধের তালিকা।

একেশিয়া গাম্, আর্জেণ্টাই নাইট্রাস, আর্সেনিক, বিশমথ্ সাব্ নাইট্রাস, ক্যাল্সিস্ ওযাটার, হাইড্রার্জিবাই সাব্ ক্লোরাইড্, ওপিয়ম্, সোডা বাইকার্ব্ব, ট্যানিক এসিড, ভিরাট্রাই ভিরিডি।

বাহ্যিক প্রয়োগ।

ব্লিষ্টার, কপিং, ফোমেণ্টেশন্।

নূতন ঔষধ।

ক্রিওলিন (Creolin) ১—৫ গ্রেণ মাত্রা, পচন নিবারক।
নেপ্থ্যালিন (Napthalene) ২—১০ গ্রেণ মাত্রা, পচন নিবারক।
রিজর্শিন (Resorcin) ৫—১৫ গ্রেণ মাত্রা, পচন নিবারক।
বিশমুথাই সেলিসিলাস (Bismuthi Salicylas) ৫—২০ গ্রেণ মাত্রা, পচন নিবারক, অবসাদক।
স্যালল (Salol) ৫—২০ গ্রেণ মাত্রা, পচন নিবারক।
সোডি সেলিসিলাস (Sodii Salicylas) ১০—৩০ গ্রেণ মাত্রা, উত্তাপহারক, পচন নিবারক।

চিকিৎসা বিষয়ক টীকা।

Gastritis (পাকাশয় প্রদাহ)।

পাকাশয়ের প্রবল প্রদাহে বেদনা নিবারণের জন্য ত্বকনিম্নে মর্ফিয়ার পিচকারী অত্যন্ত উপকারী।

যকৃতের রক্তাধিক্য সহ পাকাশয়ের প্রবল প্রদাহ বর্ত্তমান থাকিলে ক্যালমেল্ অতি উত্তম ঔষধ।

উদরাময় নিবারণ জন্য কখন কখন ক্যালমেল ১ গ্রেণ মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর ব্যবহারে উপকার দর্শে।

সামান্যরূপ পাকাশয় প্রদাহে উচ্ছলনকারী পানীয় সেবনে উপকার প্রাপ্ত হওয়া যায়।

ইরিথ্রিমেটাশ (Erythrematus) পাকাশয় প্রদাহে এসিড হাইড্রসায়েনিক্ ডিলসহ পটাশ নাইট্রাস বা এমন মিউরাস সেবনে এবং গরম জলের স্বেদ মসিনার পোলটিস ও ওপিয়াম্ মর্দ্দন প্রয়োগে বিশেষ উপকারীতা দৃষ্ট হয়।

অন্তকংসেচন (Fermantation) বর্ত্তমান থাকিলে কার্ব্বলিক এসিড, ক্রিয়েজোট এবং সাল্ফার ব্যবহার্য্য। টিং বেলাডনা অথবা লাইকর মর্ফিয়াসহ গ্লিসারিণ অব্ কার্ব্বলিক এসিড ব্যবহারেও অনেক সময় ফল দর্শে।

পাকাশয়ের প্রবল প্রদাহসহ বমন বর্ত্তমান থাকিলে স্যাম্পেন (Champagne) ব্যবহারে তৎক্ষণাৎ উপকার দর্শে কিন্তু এ অবস্থায় ত্বক নিম্নে মর্ফিয়ার পিচকারীও উপকারী।

সুরারোগ্য পাকাশয় প্রদাহে ড্রাই কপিং করিলে উপকার পাইবার সম্ভাবনা।

পাকাশয়ের পুরাতন প্রদাহে লবণাক্ত বিরেচক ঔষধ যথা—মেগ্নেশিয়া সাল্ফ, সোডা টার্টারেটাস্ বা ধাতব জল এবং বলকারক ঔষধ যথা—কুইনাইন, জেন্শিয়ান, কলম্বা, সালফেট্ অথবা ফস্ফেট অব্ আয়রণ বিশেষ উপকারী।

কখন কখন ট্যাবাক্সিকাম্ অথবা সোডা ও রিয়াইসহ ব্লুপিল ব্যবহারে প্রভূত উপকার দর্শে।

পাকাশয়ের পুরাতন প্রদাহসহ বমন বর্ত্তমান থাকিলে বিশমথ, নাইট্রেট অথবা অক্সাইড অব্ সিল্ভার, অক্জিলেট অব্ সিরিয়াম অত্যন্ত উপকারী।

আরোগ্য অবস্থায় কুইনাইন, তিক্ত বলকারক এবং লৌহঘটিত ঔষধ ব্যবহার্য্য। লৌহঘটিত ঔষধের মধ্যে মিকশ্চুরা ফেরি কোং অতীব ফলদায়ক।

অন্ত্র প্রদাহ (Enteritis)।

অন্ত্রপ্রদাহে প্রায়ই উদরাময় বর্ত্তমান থাকে। উহা শীঘ্র বন্ধ করা উচিত নহে। উদরাময় না থাকিলে মৃদু বিরেচক ঔষধ যথা—ক্যালমেল এবং ক্যাষ্টর অয়েল্ ব্যবহার করা যাইতে পারে।

আবদ্ধ মল জনিত কোলনের (Colon) প্রদাহে পিচকারী প্রয়োগ করা কর্ত্তব্য।

অন্ত্রপ্রদাহ সহ বিবমিষা ও বমন হইলে বিশমথ সাব নাইট্রাস অথবা লাইকর বিশমথ এবং এসিড হাইড্রসায়েনিক্ ডিল্ বিশেষ প্রয়োজনীয়।

বেদনা নিবারণের জন্য ওপিয়মই প্রধান ঔষধ। অন্ত্র প্রদাহ সহ অন্ত্রাবরণ প্রদাহ বর্ত্তমান থাকিলে বেশী মাত্রায় ওপিয়াম্ ব্যবহার করা কর্ত্তব্য।

উদরাময় কিছুদিন স্থায়ী হইলে বিশমথ সাব নাইট্রাস এবং জেভার্স পাউডার প্রত্যেক ১০ গ্রেণ মাত্রায় ব্যবহারে ফল দর্শে। কুপ্রাই সাল্ফ, আর্জেণ্টাই নাইট্রাস এবং উদ্ভিজ্জ সঙ্কোচক ঔষধও ব্যবহৃত হয়।

শিশুদিগের অন্ত্র প্রদাহে প্রায়শই হৃদ্‌পিণ্ডের অবসাদন দৃষ্ট হয় তন্নিবারণার্থ নিম্নলিখিত ঔষধ বিশেষ উপকারী।

লাইকর বিশমথ্	...	১—৩ মিনিম।
স্পিরিট এমন এরোমেটিক		২—৫ মিনিম।
টিং কার্ডেমম্ কোং	...	৩—৫ মিনিম।
একোয়া	...	১—২ ড্রাম।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য। আবশ্যক হইলে অল্প মাত্রায় ব্র্যাণ্ডি ইহার সহিত ব্যবহার করা যাইতে পারে।

শিশুদিগের অন্ত্র প্রদাহে কখন কখন লাইকর হাইড্রার্জিরাই পারক্লোরাইড ২—৩ মিনিম মাত্রায় ব্যবহারে আশ্চর্য্য ফল পাওয়া গিয়াছে।

অন্ত্র প্রদাহে নিম্নলিখিত পচন নিবারক ঔষধ সময়ে সময়ে ব্যবহার হয় যথা—ক্যালমেল, করোসিভ্ সাব্লিমেট, স্যালল, বিজর্শিন, স্যালিসিলেট এবং বেঞ্জোয়েট অব্ সোডা, সাল্ফো কার্ব্বলেট্ অব সোডা, ক্রিযেজোট এবং নেপ্থালিন্।

আরোগ্য অবস্থায় কুইনাইন, লৌহঘটিত ঔষধ এবং বার্ক বিশেষ উপকারী।

প্রবল পাকাশয় প্রদাহে।

১। হাইড্রার্জিরাই সাব্ ক্লোরাইড্ ৩—৫ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
এক পুরিয়া সেবনের ৪।৬ ঘণ্টা পরে,
ক্যাষ্টর অয়েল ... ... ৬ ড্রাম।
একেবারে সেব্য। (ডাঃ এইট্কিন্)

২। বিশমথ্ সাব্ নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ১৫ মিনিম।
লাইকর মর্ফিয়া হাইড্রক্লোরাস ... ১০ মিনিম।
মিউসিলেজ্ ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ জন্, এস্, ব্রিষ্টো)

৩। লাইকর বিশমথ্ ... ½—১ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
লাইকর ওপিয়াই সিডেটাইভাস্ ... ১০ মিনিম।
একোয়া .. ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

৪। এসিড্ হাইড্রসায়েনিক ডিল্ ... ২ মিনিম।
লাইকর ক্যাল্সিস্ ... ... ½ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ১।২ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ জন্, এস্, ব্রিষ্টো)

৫। মর্ফিয়া .. ...⅙—¼ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ২০ মিনিম।

ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে।

৬। গ্লিসারিন এসিড্ কার্ব্বলিক ... ১০ মিনিম।
লাইকর মর্ফিয়া হাইড্রক্লোরাস্ ... ১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, অন্তঃকৎসেচন (Fermantation)জনিত পাকাশয় প্রদাহে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ স্যামুয়েল্ ফেন্উইক্)

৭। টিং ভিরাট্রাই ভিরিডি ... ... ১৫ মিনিম।
লাইকর মর্ফিয়া সাল্ফাস্ ... ২৫ মিনিম।
এসিড্ কার্ব্বলিক ... ... ৪ মিনিম।
একোয়া মেন্থপিপ্ ... ... ১ ঔন্স।
এক ড্রাম মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ জে, এম, হোয়াইট্, আমেরিকা)

৮। ক্রিওলিন্ ... ... ৮ মিনিম।
শর্করা ... .. ৭৫ গ্রেণ।
১০ পুরিয়া প্রত্যেক পুরিয়া ২।৩ ঘণ্টান্তর সেব্য।
(মেডিক্যাল নিউস্)

৯। ক্রিওলিন ... ১—২ মিনিম।
সিরাপ .. ... ১ ঔন্স।
একোয়া মেন্থাপিপ্ ... ... ২ ঔন্স।
½ ঔন্স মাত্রায় প্রত্যেক ১।২ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১০। পটাশ নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
এসিড্ হাইড্রসায়েনিক্ ডিল ২—৩ মিনিম।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ স্যামুয়েল ফেন্উইক্)

১১। এমন মিউবাস ... .. ১০ গ্রেণ।
এসিড্ হাইড্রসায়েনিক ডিল ... ৩ মিনিম।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, ইবিথ্রিমেটাশ পাকাশয় প্রদাহের প্রথম অবস্থায় প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১২। বিশমথ সাব্ নাইট্রাস ... ১০—২০ গ্রেণ।
পাল্ভ কাইনো কোং ... ৫—১০ গ্রেণ।

একমাত্রা, বেদনা, বমন এবং অন্ত্রের উত্তেজনা নিবারণ জন্য প্রত্যেক মাত্রা ৪।৬।৮ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ উইলিয়ম ব্রিণ্টন্)

১৩। নেপ্থালিন ... ... ১৬ গ্রেণ।
এক্সপ্রেস্‌ট্ অয়েল অব্ এমণ্ড ... ১ ড্রাম।
একেশিয়া ... ... ১ ড্রাম।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ৩ ড্রাম।

প্রবল পাকাশয় প্রদাহে অজীর্ণের লক্ষণ প্রকাশ পাইলে ১ ড্রাম মাত্রায় ৪।৬ ঘণ্টান্তর সেব্য।

১৪। মর্ফিয়া এসিটাস ... ... ২ গ্রেণ।
এসিড্ ট্যানিক .. ১০—১৫ গ্রেণ।
একোয়া ক্যাম্ফর ... ... ২ ঔন্স।

অত্যন্ত দাস্ত নিবারণ জন্য ১ ড্রাম মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ স্তাফি)

Enemata, পিচকারী দিবার ঔষধ।

১৫। সোডিয়াম বেঞ্জোয়েটা ... ... ½ ঔন্স।
জল ... ... ১ পাইণ্ট।

পিচকারী দিতে হইবে। (মেডিক্যাল নিউস)

১৬। বোরিক এসিড্ ... ... ২ ড্রাম।
সোডিয়াম সেলিসিলাস ... ... ২ ড্রাম।
জল ... ... ১ পাইণ্ট।
পিচকারী দিতে হইবে। (ঐ)

১৭। বিজর্শিন ... ... ৪ গ্রেণ।
জল ... ... ১ পাইণ্ট।
পিচকারী দিতে হইবে। (ঐ)

১৮। মিশ্চুরা ফেরি কোং ... ... ১ ঔন্স।
একমাত্রা, আরোগ্য অবস্থায় প্রত্যহ তিন বার সেব্য।

পুরাতন পাকাশয় প্রদাহে।

১৯। এসিড্ মিউরিয়াটিক্ ডিল ... ২ ড্রাম।
— হাইড্রসায়েনিক্ ডিল .. ½ ড্রাম।
ষ্ট্রিক্‌নিয়া ... ... ½ গ্রেণ।
একোয়া ... ... ৫ ঔন্স।
জলসহ ½ ঔন্স মাত্রায় আহারের ১ ঘণ্টা অগ্রে সেব্য।
(ডাঃ অব্, সণ্ডবি)।

২০। বিশমথ্ কার্ব্ব ... ... ২ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ... ২ গ্রেণ।
পাল্‌ভ রিয়াই ... ... ½ গ্রেণ।
— এরোমেটিক ... ... ১ গ্রেণ।
এক পুরিয়া, আহারের অগ্রে সেব্য। (ঐ)

২১। এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... ৫ গ্রেণ।
কুইনি সাল্‌ফ ... ... ৩০ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট জেনশিয়ান্ .. যথা প্রয়োজন।
১৫ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ মিলেট্, ফ্রান্স)

২২। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ৬ গ্রেণ।
বিশমথ্ সাব্ নাইট্রাস ... ... ৩০ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়েসায়েমাস্ ... ... ৪০ গ্রেণ।
৪০ বটীকা, প্রত্যহ প্রাতে এবং সন্ধ্যাকালে ২ বটীকা সেব্য। (ঐ)

২৩। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ৫ গ্রেণ।
পাল্‌ভ ওপিযাই ... ... ২½ গ্রেণ।
২০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (হেন্‌রী হার্টশবন্)

২৪। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ১—২ ড্রাম।
— কার্ব্ব ... ... ১০ গ্রেণ।
স্পিবিট ক্লোবফবম ... ... ১০ মিনিম।
টিং কার্ডেমম্ কোং ... ... ১৫ মিনিম।
একোয়া মেন্থপিপ্ ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

২৫। বিশমথ্ কার্ব্ব ... ... ১০ গ্রেণ।
মেগ্‌নেশিয়া কার্ব্ব ... ... ১০ গ্রেণ।
একপুরিয়া, প্রত্যহ তিন পুবিযা সেব্য।
(ডাঃ হেন্‌রী হার্টশবন্)

২৬। বিশমথ সাবনাইট্রাস ... ১০—২০ গ্রেণ।
একপুবিয়া, প্রত্যহ তিন পুবিযা সেব্য। (ঐ)

২৭। সোডি বাইকার্ব্ব ... ১০—১৫ গ্রেণ।
লাইকর মর্ফিয়া হাইড্রক্লোবাস ... ১০ মিনিম।
এসিড হাইড্রসাযেনিক্ ডিল্ ... ৩ মিনিম।
ইন্‌ফিউশন্ কেস্কেরিলা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

২৮। পটাশ বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
স্পিরিট এমন এরোমেটিক ... ১১/২ ড্রাম।
টিং একোনাইট ... ... ১২ মিনিম।
ইন্‌ফিউশন্ লুপুলাই ... .. ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ ট্যানার)

২৯। বিশমথ সাব্ নাইট্রাস ... · ১০ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
পাল্‌ভ ট্র্যাগাকান্থ ... ... ২০ গ্রেণ।
একমাত্রা প্রত্যহ ২।৩ মাত্রা সেব্য।

Enteritis অন্ত্র প্রদাহ।

৩০। হাইড্রার্জ্জিবাই সাব ক্লোরাইড্ ... ৩—৫ গ্রেণ।
একপুরিয়া সেবনের ৪।৬ ঘণ্টাপর
ক্যাষ্টর অয়েল ... ... ১ ঔন্স।
একমাত্রা সেব্য।
উদরাময় না থাকিলে উক্ত ঔষধ ব্যবহার্য্য।
(ডাঃ স্যামুয়েল ফেন্‌উইক্)

৩১। লাইকর বিশমথ ... ... ২ ড্রাম।
— এমনি এসিটেটিস্ .. ১ ড্রাম।
এসিড্ হাইড্রসায়েনিক্ ডিল্ ৩—৪ মিনিম।
একোয়া .. ... ১ ঔন্স।
একমাত্রা, বমনোদ্বেগ এবং বমন নিবারণ জন্য প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩২। লাইকর বিশমথ ... .. ½ ড্রাম।
— এমনি এসিটেটিস্ ... ১ ড্রাম।
— ওপিয়াই সিডেটাইভাস্ ... ১০ মিনিম।
স্পিরিট ইথার সাল্ফ ... ... ১০ মিনিম।
— — ক্লোরিক ... ... ১৫ মিনিম।
একোয়া এনিথাই ... ... ½ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩৩। বিশমথ সাব নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
মিউসিলেজ একেশিয়া ... ১—২ ড্রাম।
টিং ওপিয়াই ... ... ১০ মিনিম।
একোয়া এনিথাই ... ... ১ ঔন্স।
একমাত্রা, বেদনা এবং উদরাময় নিবারণ জন্য প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ সোলাটু ফেন্নুইব্)

৩৪। বিশমথ সাব নাইট্রাস অথবা কার্ব্বনাস্ ৫ গ্রেণ।
পাল্ভ ইপিকাক কোং ... .. ৫ গ্রেণ।
একপুরিয়া, উদরাময়ে প্রত্যেক পুরিয়া ৪।৬।৮ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩৫। আর্জেণ্টাই নাইট্রাস ... ¼—১ গ্রেণ।
পাল্ভ ওপিয়াই ... ... ½ গ্রেণ।
এক বটীকা, উদরাময়ে প্রত্যহ তিন বটীকা সেব্য। (ঐ)

৩৬। লাইকর হাইড্রার্জিরাই পারক্লোরাইড্ ১০—২০ মিনিম।
সিরাপ ... ... ১ ড্রাম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, অন্তরুৎসেচন এবং পচন নিবারণের জন্য প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩৭। লাইকর বিশমথ ... ... ২ ড্রাম।
স্পিরিট এমন এরোমেটিক ... ১৫ মিনিম।
টিং কার্ডেমম্ কোং ... ... ২০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

Gastric Ulcer.

(গ্যাষ্ট্রিক্ অল্সার) পাকাশয়ের ক্ষত।

ব্যবহৃত ঔষধের তালিকা।

আর্জেণ্টাই নাইট্রাস, আর্সেনিক, এট্রপাইন, বিশমথ সাব্ নাইট্রাস, ক্যানাবিশ ইণ্ডিকা একষ্ট্রাক্ট, ওপিয়াম, প্লম্বাই এসিটাস, পটাশ আইওডাইড্, রিসিনাই অয়েল, টার্পিণ্টাইন।

অন্যান্য উপায়।

তার্পিন এবং গরম জল স্বেদ, এনিমেটা (পিচকারী), আইস্ (বরফ), পাকস্থলীর উপর জলোকা প্রয়োগ, পোল্টিস্, ছোট ব্লিষ্টার।

নূতন ঔষধ।

ইউকেলিপ্টাস গ্লবিউলাস (Eucalyptus Globulus) ১৫ মিনিম—২ ড্রাম মাত্রা, পচন নিবারক।

রিজর্শিন (Resorcin) ৫—১৫ গ্রেণ মাত্রা, পচন নিবারক।

চিকিৎসা বিষয়ক টীকা।

এ রোগে পাকাশয়কে সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা উচিত। তরুণ অবস্থায় কেবল মাত্র দুগ্ধ পথ্য দেওয়া যাইতে পারে কিন্তু পীড়া দুরূহ হইলে অন্য কিছু আহার না দিয়া পুষ্টিকর পদার্থের পিচকারী ব্যবহার করা কর্ত্তব্য।

আভ্যন্তরিক ঔষধের মধ্যে ওপিয়ম সর্ব্বোৎকৃষ্ট। ইহা দ্বারা ৩টী ক্রিয়া সম্পন্ন হয় ১ম, বেদনা নিবারণ, ২য়, পাকাশয়ের সঙ্কোচন ক্রিয়ার লোপ, ৩য় পাকরসের নিঃসরণ স্থগিত হওয়া।

কষ্টদায়ক বমন বর্ত্তমান থাকিলে সোডা বা মেগনেশিয়া সহ বিশমথ ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

অন্তরুৎসেচন (Fermantation) নিবারণ জন্য কার্ব্বলিক এসিড, সাল্‌ফিউরাস এসিড বা ক্রিয়েজোট ব্যবহার্য্য।

প্রবল লক্ষণ দুরীভূত হইলে লৌহ ঘটিত বলকারক ঔষধ যথা—ফেরিকার্ব্ব সেকারেটা বা ফেরি এট এমনি সাইট্রাস প্রয়োগ করা কর্ত্তব্য। কেহ কেহ টিং ফেরি পারক্লোরাইড্ সর্ব্বাপেক্ষা উপকারী মনে করেন।

পুরাতন পাকাশয়ের ক্ষতে নাইট্রেট অব্ সিল্‌ভার, সাল্‌ফেট অব্ কপার এবং জিঙ্কের প্রয়োগ রূপ ব্যবহার করা যাইতে পারে।

কোষ্টবদ্ধতা নিবারণ জন্য ক্যাষ্টর অয়েল, অল্পমাত্রায় এলোজ (মুসর্ব্বর), এনিমা বা পিচকারী বা গ্লিসারিন সাপোজিটারী ফলদায়ক।

উপদংশ জনিত পাকাশয়ের ক্ষতে আইওডাইড অব্ পটাশিয়াম উপকারী।

১। মর্ফিয়া মিউরাস ... ... ২½ গ্রেণ।
একোয়া লরেসিবেসাই .. ... ½ ড্রাম।
জলসহ ৫ মিনিম মাত্রায় আহাবেব সময় সেব্য। (ডাঃ এলয়)

২। এট্রপাইন সাল্‌ফ ... ... ১/৬০ গ্রেণ।
বিশমথ্‌ সাবনাইট্রাস ... ... ১ ড্রাম।
১০ পুবিয়া, প্রত্যহ রাত্রিতে এবং প্রাতঃকালে ২ পুবিয়া সেব্য। (ঐ)

৩। মর্ফিয়া সাল্‌ফ ... ... ⅛ গ্রেণ।
বিশমথ সাবনাইট্রাস ... ৫—১০ গ্রেণ।
একপুবিয়া, আহাবেব কিঞ্চিৎ অগ্রে সেব্য। (ডাঃ বার্থলো)

৪। টিং ওপিয়াই ... ৫—১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৪ ঘণ্টান্তব সেবা
(ডাঃ ডুবেল, লণ্ডন)।

৫। একৃষ্ট্রাক্ট আর্গট লিকুইড ৫—১০ মিনিম।
একোয়া সিনেমম্‌ ... ... ৪ ড্রাম।
একমাত্রা, বক্ত উঠা নিবাবণ জন্য প্রত্যেক ঘণ্টান্তব সেব্য।
(ডাঃ এইচ্‌, লিবার্ট ভেনি)

৬। বিশমথ সাব্‌নাইট্রাস .. ১০—২০ গ্রেণ।
মিউসিলেজ ... ... ২ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, বমন নিবারণ জন্য প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেবা। (ঐ)

৭। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ৫ গ্রেণ।
একষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ১০ গ্রেণ।
২০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ ব্রিণ্টন্)

৮। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ১৫ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... যথা প্রয়োজন।
একষ্ট্রাক্ট বেলাডোনা ... .. ১০ গ্রেণ।
অবেল ক্যাবিওফাইলাই .. ... ১০ মিনিম।
একষ্ট্রাক্ট জেন্‌শিযান ... ... যথা প্রযোজন।
৪০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ বার্থলো)

৯। লাইকব আর্সেনিকেলিস .. ১—২ মিনিম।
একোয়া অব্যান্সাই ফ্লোরিস্ ... ২ ড্রাম।
একমাত্রা, প্রত্যেক বাব আহাবের অগ্রে সেব্য। (ডাঃ রিঙ্গার)

১০। পটাশ আইওডাইড্ ... ... ১ গ্রেণ।
— বাইকার্ব্ব .. ... ১৫ গ্রেণ।
টিং অব্যান্সাই ... ... ½ ড্রাম।
ইন্‌ফিউশন্ কলম্বা ... ... ৭½ ড্রাম।
একমাত্রা, প্রত্যেক মাত্রা আহারেব এক ঘণ্টা পবে সেব্য।
(ডাঃ ব্রিণ্টন)

১১। পটাশ আইওডাইড্ ... ... ১ ড্রাম।
টিং সিঙ্কোনা কোং ... ... ১ ঔন্স।
১০—২০ মিনিম মাত্রায় দিবসে অনেক বাব সেব্য।
(ডাঃ এইচ্ গিবার্ট)

১২। বিফ্‌টি ... .. ৪ ঔন্স।
এসিড্ হাইড্রক্লোবিক ডিল্ ... ১০ মিনিম।
গ্লিসাবিন অব্ পেপ্‌সিন্ .. .. ২ ড্রাম।

পাকস্থলীতে কোনও পদার্থ না থাকিলে, ইহা পিচকারী দ্বারা প্রয়োগ কবিতে হইবে। (ডাঃ বার্থলো)

১৩। লাইকর মর্ফিয়া হাইড্রক্লোবাস ... ২০ মিনিম।

বেদনা নিবাবণেব জন্য ত্বক নিম্নে পিচকাবী দিতে হইবে।

১৪। বিজর্শিন ... ... ৫ গ্রেণ।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ হোপ)

Hepatitis Acute and Chronic.

(হিপ্যাটাইটিস্ একিউট এণ্ড ক্রনিক)।

প্রবল এবং পুরাতন যকৃত প্রদাহ।

ব্যবহৃত ঔষধেব তালিকা।

এমন ক্লোবাইড, এণ্টিমনি এট্ পটাশি টার্টাস, এসিড্ নাইট্রমিউবিবাটিক্ ডিল্, কল্‌চিকাম্, মূত্রকাবক ঔষধ, হাইড্রার্জিরাই ব্রোমাইডম্, হাইড্রার্জিবাই আইওডাইডম্ রুব্রাম্, হাইড্রার্জিরাই সাব্ ক্লোবাইড্, আইওডিন্, নাইট্রিক্ এসিড্, পডফাইলিন্, পটাশ আইওডাইড, সেলাইন বিবেচক ঔষধ, ট্যারাক্সিকম্।

বাহ্যিক প্রযোগ।

ফোমেণ্টেশন, মসিনাব পোল্‌টিস, মাষ্টার্ড সহ মসিনার পোল্‌টিস্, টার্পেণ্টাই ষ্টুপস, শীতল জল কম্‌প্রেস্, আইওডিন্ প্রয়োগ, নাইট্রমিউরিয়াটিক্ এসিড্ এবং সাল্‌ফার বাথ।

অস্ত্রোপচার।

এস্পিরেটর অথবা বিস্তৃত কর্ত্তন দ্বারা পুয়ঃনির্গত করা উচিত।

নূতন ঔষধ।

ব্রাইওনিয়া (Bryonia) টিং ৩—১০ মিনিম মাত্রা, যকৃতের রক্তাধিক্য ও ক্রিয়ার বৈষম্য হেতু পিত্ত নিঃসরণ কম হইলে বিশেষ উপকারী।

চেলিডোনিয়াম মেজাস (Chelidonium Majus) সক্কাস ২০ – ৪০ মিনিম মাত্রা, মৃদুবিরেচক, ঘর্ম্মকারক ও মূত্রকারক।

হাইড্রাষ্টিস (Hydrastis) টিং ২০—৬০ মিনিম মাত্রা, যকৃতের উত্তেজক।

আইরিডিন (Iridin) ১—৫ গ্রেণ মাত্রা, বিরেচক, পরিবর্ত্তক ও মূত্রকার।

চিকিৎসা বিষয়ক টীকা।

যকৃতের প্রবল প্রদাহিক পীড়ার প্রথম অবস্থায় ক্যালমেল, ইপিকাক, এবং ওপিয়াম্ বিশেষ উপকারী। কেহ কেহ জলৌকা দ্বারা স্থানিক রক্তমোক্ষন, পোল্‌টিস বা গরম জলের স্বেদ ব্যবহার এবং লাবনিক বিরেচক ঔষধ সেবন ব্যবস্থা করেন।

জ্বর বর্ত্তমান থাকিলে টার্টার এমিটিক বা একোনাইট সহ সাধারণ ঘর্ম্মকারক ঔষধ ব্যবহার করা যাইতে পারে।

রক্তামাশয় হইলে অধিক মাত্রায় ইপিকাক ব্যবহারে উপকার দর্শে।

প্রদাহের উগ্রতার হ্রাস হইলে লাবনিক বিরেচক, ধাতব অম্ল অথবা আইওডাইড অব্ পটাশিয়াম ব্যবহার করা যাইতে পারে।

পূয়োৎপত্তি হইলে অনবরত পোল্টিস্ ব্যবহার করা কর্ত্তব্য। তৎপরে এস্পিরেটর বা বিস্তৃত কর্ত্তন দ্বারা পূয়ঃ বাহির করা উচিত।

যকৃতের পুরাতন প্রদাহিক পীড়ার প্রথম অবস্থায় উদ্ভিজ্জ বলকারক যথা কলম্বা বা চিরেতা সহ ক্ষার যুক্ত বিরেচক ঔষধ ব্যবহারে উপকার দর্শে।

রোগের শেষ অবস্থায় উদরী হইলে মূত্রকারক ঔষধ যথা ডিজিটেলিস্, স্কুইল, এসিড্ টার্টারেট অব্ পটাশ, কোপেবা, এবং পারদ সংযুক্ত পরিবর্ত্তক ঔষধ ব্যবহার্য্য।

উদর গহ্বরে অধিক জল সঞ্চয় হেতু অত্যন্ত কষ্ট হইলে ট্রোকার ক্যানিউলা দ্বারা জল বাহির করা উচিত।

আধ্মান বর্ত্তমান থাকিলে বায়ুনাশক ঔষধ, অল্পমাত্রায় হাইড্রসায়েনিক এসিড্ এবং চারকোল ব্যবহারে ফল দর্শে।

১। এণ্টিমনি এট পটাশি টার্টাস ... ⅙—⅛ গ্রেণ।
পটাশ নাইট্রাস ... ... ১০ গ্রেণ।

একপুরিয়া, প্রদাহের প্রথম অবস্থায় প্রত্যেক পুরিয়া ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ উইলিয়াম এট্‌কিন)

২। এমন ক্লোরাইড্ ... ১০—২০ গ্রেণ।
এসিড্ নাইট্রমিউরিয়াটিক্ ডিল্ ৫—১০ মিনিম।
সিরাপ অর্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... সমষ্টি ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

৩। লাইকর এমনি এসিটেটিস্ ... ২ ড্রাম।
এমন মিউরাস্ ... ... ১০ গ্রেণ।

টিং হায়োসায়েমাস্ ... ... ১৫ মিনিম।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ উইলিয়াম ষ্টুকার্ট)

৪। লাইকর এমনি এসিটেটিস্ ... ১ ড্রাম।
এমন মিউরাস ... . ১০ গ্রেণ।
স্পিরিট ইথার নাইট্রিক ... ... ২০ মিনিম।
— — ক্লোরিক ... .. ১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য।

৫। হাইডার্জিরাই সাব্ ক্লোরাইড্ ... ৫ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।

এক পুরিয়া রাত্রিতে শয়ন কালে সেব্য।

পর দিন প্রাতঃকালে।

সিড্‌লিজ পাউডার ... ... ২½ ড্রাম।

গরম জল সহ সেব্য।

৬। এমন ক্লোরাইড ... ... ২ ড্রাম।
একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই ... ... ১½ ড্রাম।
টিং জেন্‌শিয়ান কোং ... ... ১ ঔন্স।
ইন্‌ফিউশন্ সেনা ... সমষ্টি ১০ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ দুইবার সেব্য। (ডাঃ বিস্‌লি)

৭। এসিড নাইট্রোমিউরিয়াটিক্ ডিল্ ... ১ ড্রাম।
সকাই ট্যারাক্সিসাই ... ৩—৬ ড্রাম।
টিং জেন্‌শিয়ান কোং ... ... ৩ ড্রাম।
ইন্‌ফিউশন্ সেনা ... ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেব্য। (ডাঃ ট্যানার)

৮। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ... ১½ ঔন্স।
— কার্ব্ব ... ... ২ ড্রাম।
একোয়া মেন্থপিপ্ ... ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ প্রাতঃকালে সেব্য। (ঐ)

৯। সোডি সাল্‌ফাস্ ... ... ১ ড্রাম।
সকাই ট্যারাক্সিসাই ... ... ½ ড্রাম।
ডিকক্‌শন্ ট্যারাক্সিসাই ... ১ ঔন্স।
একমাত্রা, প্রাতঃকালীন আহারের অগ্রে সেব্য। (ঐ)

১০। পডফাইলম্ রেজিন্ ... ... ½ গ্রেণ।
পাল্‌ভ রিয়াই ... ... ৫ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ... ৩ গ্রেণ।
২ বটীকা, প্রত্যেক বটীকা রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

১১। পডফাইলম্ রেজিন্ ... .. ৬ গ্রেণ।
পাল্‌ভ জিঞ্জিবারিস্ ... ... ১৫ গ্রেণ।
জ্যালাপ রেজিন ... ... ১০ গ্রেণ।
পাল্‌ভ ডিজিটেলিস্ ফোলিয়া ... ৩ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ... ১৪ গ্রেণ।

১২ বটীকা, শোথ হইলে এক দিন পর এক দিন রাত্রিতে শয়নকালে এক বটীকা সেব্য। (ঐ)

১২। কন্‌ফেক্‌শিও বোজ ... ... ১ ঔন্স।
পটাশ টার্টাস এসিডা ... ... ১ ঔন্স।
একষ্ট্রাক্ট ট্যাবাক্সিসাই ... ... ১ ঔন্স।
সময়ে সময়ে প্রাতঃকালীন আহারের অগ্রে ১ ড্রাম মাত্রায় সেব্য। (ঐ)

১৩। পডফাইলিন ... ... ৬ গ্রেণ।
ক্যাপ্‌সিসাই ... ... ৪ গ্রেণ।
পাল্‌ভ বিয়াই ... .. ১২ গ্রেণ।
১২ বটীকা, এক বাত্রি পর এক রাত্রিতে ১ বটীকা সেব্য।
(ডাঃ জে, এম, ডেকষ্টা এম, ডি,)

১৪। একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই ... .. ৩৬ গ্রেণ।
— এলোজ ... ... ১২ গ্রেণ।
পাল্‌ভ ইপিকাক .. ... ৬ গ্রেণ।
১২ বটীকা, প্রত্যহ রাত্রিতে ২ বটীকা সেব্য।
(সাব রেনল্‌ড্‌ মার্টিন)

১৫। পটাশ আইওডাইড্‌ ... ... ৩০ গ্রেণ।
— বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
টিং হায়োসায়েমাস ... ... ২ ড্রাম।
ইন্‌ফিউশন্‌ সিঙ্কোনা ফ্লেবা ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ ট্যানার)

১৬। পটাশ এসিটাস ... ... ১০ গ্রেণ।
সিরাপ সিলি ... ... ১ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ... ২০ মিনিম।
টিং ডিজিটেলিস্ ... ৫—১০ মিনিম।
ডিককৃশন স্কোপেরিযাই ... ... ১ ঔন্স।
একমাত্রা, সিরোসিস লিভার জন্য উদরী হইলে প্রত্যেক মাত্রা ৬৮ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১৭। এসিড্ নাইট্রিক্ ডিল্ ... ... ১ ড্রাম।
সক্কাই ট্যারাক্সিসাই ... ৩—৬ ড্রাম।
ডিককৃশন্ ট্যারাক্সিসাই ... ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ঐ)

১৮। পাল্‌ভ সিলি ... ... ৬ গ্রেণ।
— ডিজিটেলিস্ ফোলিয়া ... ৮ গ্রেণ।
পিল্ হাইড্রার্জিরাই ... ... ৩০ গ্রেণ।
১২ বটীকা প্রত্যহ রাত্রিতে এবং প্রাতে ২ বটীকা সেব্য। (ঐ)

১৯। জ্যালাপ রেজিন ... ... ৩ গ্রেণ।
একৃষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... .. ৩ গ্রেণ।
এক বটীকা, রাত্রিতে শয়ন কালে সেব্য। (ঐ)

২০। পডফাইলম্ রেজিন ... ... ½ গ্রেণ।
পাল্‌ভ রিযাই ... ... ৫ গ্রেণ।
একৃষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ... ৩ গ্রেণ।
২ বটীকা, প্রত্যহ রাত্রিতে শয়ন কালে ১ বটীকা সেব্য। (ঐ)

Hæmatemesis.

(হেমেটিমিসিস্) রক্তবমন।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এলম, এমনিয়া ক্লোরাইডম্, আর্জেণ্টাই অক্সাইডম্, আর্গট, লাইকর ফেরি পারনাইট্রেটিস, টিং ফেরি পারক্লোরাইড্, গ্যালিক এসিড্, ইপিকাক্, মেগ্‌নেশিয়া সালফাস, প্লম্বাই এসিটাস, সাল্‌ফিউরিক এসিড্ ডিল্, ট্যানিক এসিড্, টার্পেণ্টাইন।

নূতন ঔষধ।

এণ্টিপাইরিন (Antipyrine) ৫—১০ গ্রেণ মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর। রক্তরোধক।

আর্গটিন (Ergotine) ১—৩ গ্রেণ মাত্রা, রক্ত রোধক।

হেমেমিলিস্ (Hamamelis) একষ্ট্রাক্ট লিকুইড্ ২—৫ মিনিম মাত্রা, সঙ্কোচক, রক্ত রোধক।

হেজেলিন (Hazeline) ১ ড্রাম মাত্রা, সঙ্কোচক, রক্ত রোধক।

চিকিৎসা বিষয়ক টীকা।

পীড়া দুরূহ হইলে পাকাশয়কে সম্পূর্ণরূপে সুস্থির রাখা কর্ত্তব্য। মধ্যে মধ্যে রোগীকে ক্ষুদ্র ক্ষুদ্র বরফের টুকুরা চুষিতে দেওয়া উচিত। অবসাদনের চিহ্ন লক্ষিত হইলে উত্তেজক ঔষধ ব্যবহার করা উচিত নহে, কারণ ইহাতে আর একটী উপসর্গ (বমন) আসিয়া উপস্থিত হইবে।

উত্তেজক ঔষধ ব্যবহার করা নিতান্ত আবশ্যক হইলে পিচকারী দ্বারা দেওয়াই কর্ত্তব্য।

নিম্নলিখিত ঔষধগুলি এই রোগে সর্ব্বাপেক্ষা উপকারী যথা—১০।১৫ মিনিম মাত্রায় সাল্‌ফিউরিক এসিড্ সহ ১০।১৫ গ্রেণ

মাত্রায় এসিড গ্যালিক, এলম, এসিটেট্ অব্ লেড্, টার্পিন তৈল এবং টিং ষ্টিল।

ত্বকনিম্নে আর্গটীন পিচকারী দ্বারা প্রয়োগ করিলে অত্যধিক রক্ত বমনে বিশেষ উপকারীতা দৃষ্ট হয়।

কখন কখন ইন্‌ফিউশন্ রোজ সহ এলম ব্যবহারে অথবা এসিটিক এসিড্ সহ ২ গ্রেণ মাত্রায় এসিটেট্ অব্ লেড্ ব্যবহারে উপকার দর্শে।

সময়ে সময়ে অয়েল টার্পিণ্টাইনও বিশেষ ফলদায়ক।

পোর্টাল অববোধ হেতু পাকাশয়ের রক্তাধিক্য হইয়া কৈশিক নাড়ী হইতে রক্তস্রাব হইলে প্রথমতঃ অল্প মাত্রায় ক্যালমেল ব্যবহার করিয়া তৎপরে এসিড সাল্‌ফিউরিক্ ডিল্ ও ইন্‌ফিউশন্ রোজ সহ মেগ্‌নেশিয়া সাল্‌ফ প্রয়োগে উপকার দর্শে।

১। এসিড্ গ্যালিক ... .. ৪০ গ্রেণ।
— সাল্‌ফিউরিক্ ডিল্ ... ৪০ মিনিম।
একোয়া ... ... ২ ঔন্স।
কিঞ্চিৎ জল সহ ½ ঔন্স মাত্রায় ৩ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ ডব্লিউ, ব্রিণ্টন)

২। এলম্ ... ... ৮ গ্রেণ।
একষ্ট্রাক্ট ওপিয়াই ... ½—১ গ্রেণ।
২ বটীকা, ২ বটীকা মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

৩। প্লম্বাই এসিটাস ... ২—৩ গ্রেণ।
মর্ফিয়া এসিটাস ... ¼—½ গ্রেণ।
এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ ষ্ট্যাফি)

৪। প্লম্বাই এসিটাস ... .. ৩ গ্রেণ।
মর্ফিয়া মিউবাস ... ... ১ গ্রেণ।
শ্বেত শর্করা চূর্ণ ... ... ১ ড্রাম।
১০ পুরিয়া, প্রত্যহ ২—৫ পুরিযা সেব্য। (ডাঃ ইলয়)

৫। ট্যানিক্ এসিড্ ... ... ১০ গ্রেণ।
পাল্‌ভ ওপিযাই ... ... ১০ গ্রেণ।
শর্করা চূর্ণ ... ... ১২ ড্রাম।
১০ পুরিয়া, প্রত্যেক পুবিয়া ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৬। কোকেইন মিউবাস .. ... ১২ গ্রেণ।
এণ্টিপাইবিন ... ... ৪০ গ্রেণ।
৫ পুবিযা, প্রত্যেক পুবিযা সেবনের পর ২—৪ ড্রাম মাত্রায় ব্রাণ্ডি সেব্য।

৭। মেগ্‌নেশিযা সাল্‌ফ ... ১—২ ড্রাম।
এসিড্ সাল্‌ফিউরিক্ ডিল্ ... ১০ মিনিম।
এলুমিনিস্ ... ... ১০ গ্রেণ।
সিবাপ পেপেবারিস্ ... ... ১ ড্রাম।
ইন্‌ফিউশন্ রোজ ... ... ১১ ড্রাম।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৪ ঘণ্টান্তব মেব্য। (ডাঃ বার্থলো)

৮। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ... ১ ড্রাম।
এসিড্ সাল্‌ফিউবিক্ ডিল ... ১০ মিনিম।
ফেবি সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
টিং নক্‌সভমিকা ... ... ৫ মিনিম।
— ডিজিটেলিস্ ... ... ৩ মিনিম।

একোয়া সিনেমম্ ... ... ১ ঔন্স।

একমাত্রা, পাকস্থলিতে অল্প বেদনা থাকিলে অথবা না থাকিলে প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(ডাং এইচ্, হ্যাণ্ডফোর্ড এম, ডি, এম, আর, সি, পি,)

৯। সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
— সাল্ফ ... ৪০—৬০ গ্রেণ।
মেগ্নেশিয়া সাল্ফ ... ... ১ ড্রাম।
টিং নক্সভমিকা ... ... ৫ মিনিম।
সিরাপ অব্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

শাকাশযের শ্লৈষ্মিক প্রদাহ বর্ত্তমান থাকিলে।

১০। মিউসিলেজ একেশিয়া ... ... ৪ ড্রাম।
সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
টার্পেণ্টাইন মেডিসিন্যাল ... ১০ মিনিম।
অবেল এনিথাই ... ... ১০ মিনিম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

(ডাঃ ট্যানার)

১১। এসিড্ গ্যালিক ... ১০—১৫ গ্রেণ।
— সাল্ফিউরিক্ এরোমেটিক ১৫—২০ মিনিম।
টিং সিনেমম্ কোং ... ... ½ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১২। এসিড্ গ্যালিক ... ... ১০ গ্রেণ।
পাল্ভ ইপিকাক কোং ... ... ১০ গ্রেণ।
একপুরিয়া, প্রত্যহ ২।৩ পুরিয়া সেব্য। (ঐ)

১৩। এসিড্ সাল্ফিউরিক্ এরোমেটিক ... ২ ড্রাম।
সিরাপ অর্যান্সাই ... ... ১ ঔন্স।
টিং সিঙ্কোনা কোং ... ... ৩ ড্রাম।
ইন্‌ফিউশন্ সিঙ্কোনা ফ্লেবা ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

১৪। এসিড্ হাইড্রসায়েনিক ডিল্ ... ৩ মিনিম।
মিউসিলেজ ... ... ৪ ড্রাম।
একমাত্রা, অত্যন্ত বমন হইলে প্রত্যেক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ এফ, রবার্ট, এম, ডি,)

১৫। টিং হেমেমিলিস ... ... ১০ মিনিম।
অথবা, হেজেলিন ... ... ½ ড্রাম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।
এসিড্ সাল্ফ এরোমেটিক ... ১৫ মিনিম।
টিং সিনেমম্ কোং .. ২০—৩০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

Intestinal Worms.

ইণ্টেষ্টাইনাল ওয়ার্ম্মস্ (অন্ত্রক্রিমি)।

এস্‌কেরিস লম্বি্‌কএডিস্ (Ascaris Lumbricoides)

বা লম্বক্রিমি।

ব্যবহৃত ঔষধের তালিকা।

ওলিয়াই বিসিনি, রিয়াই, সেণ্টনাইন, সেনা, সাল্‌ফার, টার্পেণ্টাইন।

নূতন ঔষধ।

ওলিয়াই চিনোপোডিয়াই (Olei Chenopodii) ৪ মিনিম মাত্রা, ক্রিমিনাশক।

স্পাইজিলিয়া (Spigelia) বালকদের জন্য এক্‌ষ্ট্রাক্ট লিকুইড ½—১ ড্রাম মাত্রা, ক্রিমিনাশক।

এস্‌কেরিস্ ভার্মিকিউলেরিস (Ascaris Vermicularis)। সূত্র ক্রিমি।

সূত্র ক্রিমি।

ব্যবহৃত ঔষধের তালিকা।

একোয়া ক্যাল্‌সিস্, আর্জেণ্টাই নাইট্রাস, ফেরি পারক্লোরাইড টিং, গ্নিসাবিন, গ্র্যানেটাই রেডিসিস্ কর্টেক্স, হাইড্রার্জিরাই ক্লোরাইডম্ কবসাইভাস্, হাইড্রার্জিরাই সাব্‌ক্লোরাইড, পটাশি সাল্‌ফিউরেটা, কোয়াশিয়া, রিয়াম, সাল্‌ফার, টেরিবেন্থিনি অ...

নূতন ঔষধ।

এসারাম ক্যানাডেন্সি (Asarum Canadense) ইন্‌ফিউশন্ ১—২ ঔন্স মাত্রায়, ক্রিমিনাশক।

এবসিন্থিয়াম (Absinthium) "ওয়ার্মউড্" ইন্‌ফিউশন্ ১—২ ঔন্স মাত্রা, ক্রিমিনাশক।

টিনিয়া (Taenia) পটক্রিমি।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এলাম্, কার্ব্বলিক এসিড্, কোকানট, কোপেবা, ক্রিয়েজোট, ইথার সাল্‌ফ, ফিলিক্স মাস্, গ্র্যানেটাই রেডিসিস্ ফটেক্স, কামালা, কুসো, নক্সভমিকা, পেপ্‌সিন, ষ্ট্রিক্নিয়া, টেরিবিস্থিনি অয়েল।

নূতন ঔষধ।

এইলেন্থাস গ্ল্যাণ্ডুলোসা (Ailanthus Glandulosa) ছালের চূর্ণ, ৭—২০ গ্রেণ মাত্রা, ক্রিমি নাশক।

এস্পিডিয়াম মার্জিনেল (Aspidium Marginale) ১০ গ্রেণ মাত্রা, ক্রিমিনাশক।

বেঞ্জাইন (Benzine) ৬০—১০০ মিনিম মাত্রা, ক্রিমিনাশক।

ইউপেটোরিয়াম পারফোলিয়েটাম্ (Eupatorium Perfoliatum) ১০—৬০ গ্রেণ মাত্রা, ক্রিমিনাশক।

নেপ্‌থালিন (Napthalin) ২—১০ গ্রেণ মাত্রা, ক্রিমিনাশক।

পেলিটেরিন সাল্‌ফাস্ (Pelletierine Sulphas) ৫—৮ গ্রেণ মাত্রা, ক্রিমিনাশক।

পেলিটেরিন ট্যানাস (Pelletierine Tannas) ৫—৮ গ্রেণ মাত্রা, ক্রিমিনাশক।

পেলিটেরিন হাইড্রব্রোমাস (Pellitierine Hydrobromas)

৫—৮ গ্রেণ মাত্রা, কৃমিনাশক।

চিকিৎসা বিষয় কটীকা।

লম্বকৃমি।

স্যাণ্টনাইন লম্বকৃমির মহৌষধ। বালকদের জন্য ২—৪ গ্রেণ মাত্রায় শর্করা বা সিরাপ সহ মিশ্রিত করিয়া বা লজেঞ্জরূপে ব্যবহার করা যাইতে পারে।

রাত্রিতে স্যাণ্টনাইন একমাত্রা সেবন করাইয়া পরদিন প্রাতে ক্যাষ্টর অয়েল বা লাবনিক বিরেচক ব্যবহার করা উচিত। পূর্ণ-বয়স্কের জন্য ঐরূপ প্রণালীতে ঔষধ প্রয়োগ করিতে হইবে কিন্তু স্যাণ্টনাইন ৪—৬ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

অন্যান্য ঔষধের মধ্যে এলোজ, স্কামনি, জ্যালাপ, ক্যালমেল, সাল্‌ফার, কামালা এবং টার্পেণ্টাইন উপকারী।

সূত্র কৃমি।

সূত্রকৃমি দূর করিতে স্যাণ্টনাইন ব্যবহার করা যাইতে পারে কিন্তু উগ্র ও লাবনিক বিরেচক এবং ইন্‌ফিউশন্ কোয়াশিয়া বা লবন জলের পিচকারী প্রয়োগেই ইহারা শীঘ্র বহির্গত হয়।

অন্যান্য ঔষধের মধ্যে ক্যালমেল, স্কামনি, এলোজ, জ্যালাপ, এবং এসাফেটিডা বিশেষ উপযোগী।

পট্ট কৃমি।

এই কৃমি এদেশীয়দিগের বিশেষতঃ হিন্দুদিগের মধ্যে বিরল। যাহারা শূকরের মাংশ অধিক ভোজন করে তাহাদেরই এই কৃমি জন্মে।

নিম্নলিখিত প্রণালীতে পট্টকৃমির চিকিৎসা করা উচিত।

রোগীকে পূর্ব্ব দিবস কেবল মাত্র দুগ্ধ পথ্য দিয়া রাত্রিতে পূর্ণ মাত্রায় ক্যাষ্টর অয়েল সেবন করাইবে পর দিন প্রাতে ১০—৬০ মিনিম মাত্রায় মেলফার্ণের লিকুইড্ একষ্ট্রাক্ট দিবে।

কখন কখন পুনবায় ক্যাষ্টব অয়েল সেবন করানর আবশ্যক হয়।

রাউণ্ড ওয়ার্ম বা লম্ব কৃমি।

১।	স্যাণ্টনাইন	...	২—৪ গ্রেণ।
	শর্করা	...	... ১৫ গ্রেণ।

এক মাত্রা, রাত্রিতে শযনকালে সেবন কবিযা পবদিন প্রাতে একমাত্রা ক্যাষ্টব্ অয়েল অথবা ১ ঔন্স ডিককৃশন্ এলোজ কোং সেব্য।

২।	হাইড্রার্জ্জিবাই সাব্ ক্লোবাইড্	...	২ গ্রেণ।
	স্যাণ্টনাইন	...	... ১½ গ্রেণ।
	শর্করা	...	... ১৫ গ্রেণ।

১ পুরিয়া ২ বৎসর বয়স্ক বালকদিগেব জন্য ২ ড্রাম মধুসহ সেব্য।

(ডাঃ ইউজিনি বুচু, প্যারিস্)

৩।	টিং সেনা	...	১৫—৩০ মিনিম।
	স্যাণ্টনাইন	...	... ১ গ্রেণ।

একমাত্রা, ৫ বৎসর বয়স্ক বালকদিগের জন্য।

(প্রঃ জে, লুইস স্মিথ্)

৪।	স্যাণ্টনাইন	...	... ½ ড্রাম।
	পাল্ভ রিয়াই	...	... ১২ গ্রেণ।
	— জ্যালাপ	...	... ৮ গ্রেণ।
	শর্করা	...	.. ৮০ গ্রেণ।

১২ পুরিয়া, রাত্রিতে শয়নকালে ১ পুরিয়া সেব্য।

(ডাঃ মার্সি)

৫। মিউসিলেজ একেশিয়া ... ... ২ ঔন্স।
শর্করা ... ... ১ ঔন্স।
টার্পেণ্টাইন ... ... ৩ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ... ৩ ড্রাম।
মেগ্নেশিয়া কার্ব্ব ... ... ২০ গ্রেণ।
একোয়া মেন্থপিপ্ ... ... ১ ঔন্স।

৫ বৎসর বয়স্ক বালকদিগের জন্য ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য। (ডাঃ কণ্ডিক)

৬। স্যাণ্টনাইন ... ১—৩ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ২—৫ গ্রেণ।

এক পুরিয়া, বালকদিগের জন্য রাত্রিতে শয়নকালে ১ পুরিয়া সেবন করাইয়া, পর দিন প্রাতঃকালে ২—৪ ড্রাম মাত্রায়, ১ মাত্রা ক্যাষ্টর অয়েল সেব্য।

৭। একষ্ট্রাক্ট স্পাইজিলিয়া লিকুইড্ ... ১ ঔন্স।
— সেনা লিকুইড্ ... ½ ঔন্স।

৩৫ বৎসর বয়স্ক বালকদিগের জন্য ১ ড্রাম মাত্রায় রাত্রিতে শয়নকালে সেব্য। (প্রঃ জে, লুইস, স্মিথ্)

৮। একষ্ট্রাক্ট স্পাইজিলিয়া লিকুইড্ ... ½ ঔন্স।
— সেনা লিকুইড্ ... ½ ঔন্স।
স্যাণ্টনাইন ... ... ৮ গ্রেণ।

৫ বৎসর বয়স্ক বালকের জন্য ১ ড্রাম মাত্রায় রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

থ্রেড ওয়ার্ম, সূত্রকৃমি।

১। টিং রিয়াই ... ... ২০ মিনিম।
মেগ্‌নেশিয়া কার্ব্ব ... .. ৩ গ্রেণ।
টিং জিঞ্জার ... ১—৫ মিনিম।
একোয়া ... ... ৩ ড্রাম।
একমাত্রা, বালকদের জন্য প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।
(ডাঃ সিড্‌নি মার্টিন)

২। স্পিবিট ইথাবিস ... ১৫—২০ মিনিম।
ডিককৃশন্‌ গ্রেনেটাই বেডিশিশ ... ১ ঔন্স।
একমাত্রা পূর্ণবয়স্কদিগেব জন্য প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তব সেব্য।

৩। স্যাণ্টনাইন ... ... ২ গ্রেণ।
পাল্‌ভ স্ক্যামনি কোং ... ... ৫ গ্রেণ।
এক পুরিয়া, বালকদিগেব জন্য বাত্রিতে শযনকালে সেব্য।
(ডাঃ গে)

৪। স্যাণ্টনাইন .. ... ½ ঔন্স।
শর্কবা ... ... যথা প্রয়োজন।
ট্র্যাগাকান্থ .. ... ঐ
একোযা অর‍্যান্সাই ফ্লোবিস .. ঐ
৪৮০ চাক্তি, প্রত্যহ ২ চাক্তি সেব্য। (ডাঃ বার্থলো)

৫। ফেবি সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
কুইনি সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
পিল্‌ এলোজ এট্‌ মব্‌ ... ... ১ গ্রেণ।
১ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (মিঃ উইলিয়াম ডেট)

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৯১	৮	দুগারোগ্য	দুরারোগ্য
১৯৮	২	পীত্তাভা	পিত্তাভা
ঐ	২১	মেব্য	সেব্য
২০২	২৩	প্লস্বাই	প্লম্বাই
২২১	১৩	এসন	এমন
২৩৪	২৩	জেভার্স	ডোভার্স
২৫৩	৬	সিরেসিস	সিরোসিস
২৫৭	১২	শাকাশয়ের	পাকাশয়ের
২৬৬	,,	,,	৩নং ব্যবস্থা পত্রের ঔষধ এক মাত্রায় সেব্য।
২৭৮	২	ইন্‌ফিউশন্	ইন্‌ফিউশন্ সেনা
২৯১	১১	৪ ৫	৪।৫ গ্রেণ
৩০৪	১০	এফার্ডেসেণ্ট	এফার্ভেসেণ্ট
৩১৪	১৫	ডাম্বল	জম্বল
৩২৫	৫	৩ ড্রাম	১ ড্রাম
ঐ	৬	১ ড্রাম	৩ ড্রাম।
৩৩৭	,,	,,	১০ নং ব্যবস্থা পত্রেব ঔষধ ১ মাত্রা প্রত্যহ ৩ মাত্রা সেব্য।
ঐ	,,		১১ নং ব্যবস্থা পত্রের ঔষধ ১ঔন্স মাত্রায় প্রত্যহ ৩ বার সেব্য।
৩৫২	১৯	অংবশ্যক	আবশ্যক
৩৫৫	১৯	ইলেষ্ট্রি সিটি	ইলেক্‌ট্রি সিটি
৪০০	২০	এসিটাম	এসিটিকাম
৪৪৫	৪	ইস্‌ফিউশন্	ইন্‌ফিউশন্
৪৬১	৮	শারিরীক	শারীরিক
৪৬৬	২১	জয়	জর
৫০৭	৯	১½ ঔন্স	½ ঔন্স

ভ্রম সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২	২২	এমিড্	এসিড্
৭	৭	মবফিয়া	মর্ফিয়া
৯	৩	কটিসেস	কর্টিসেস
১১	২২	লোবিলিয়া ইথার	টিং লোবিলিয়া ইথার
১৮	১৩	অস্কিজেন	অক্সিজেন
ঐ	১৫	বেঞ্জেইন	বেঞ্জোইন
২৩	৭	টাট্রাস	টার্ট্রাস
২৫	১৯	এণ্ড	এসিড
৩১	১৮	ডেভিম	ডেভিস
৩৭	১৫	ইনহিলেশন	ইনহেলেশন
৫৩	১৯	ষ্ট্যামোনিযাম	ষ্ট্রামোনিয়াম
৫৮	২০	সিনামনাই	সিনেমমাই
৬২	২১	জনি	জনিত
৬৩	৩	তালীকা	তালিকা
৭০	১৩	অপিয়াম	ওপিয়াম
৯৪	১৯	ক্যাজাপুটী	ক্যাজুপুটী
১১২	২১	হৃদ্বেষ্ট	হৃদ্বেষ্ট
১২৩	১৪	Jaberondi	Jaborandi
১২৪	১১	আভ্যন্তরীক	আভ্যন্তবিক
১৩২	২১	ওরাটাব্স্	ওযাটাব্স্
১৩৯	২৩	শেব্য	সেব্য
১৪১	৭	কোরাস	ক্লোরাস
১৪৬	২৪	অবস্থা	অবস্থায়
১৫৪	২০	স্পিপিট	স্পিরিট
১৭১	৪	প্রত্য	প্রত্যহ
ঐ	১১	ড্রাস	ড্রাম
১৭৪	৫	মেটয়ায়	মেটয়ারের
১৭৮	৬	লাল্ফ	স্নাল্ফ

পিচকারী।

৬।	সোডা ক্লোরাইড্	... ...	১ ঔন্স।
	ডিককৃশন্ হর্ডিয়াই (বার্লী ওয়াটার)		১২ ঔন্স।

মলদ্বারে পিচকারী করিতে হইবে।

৭।	সোডি ক্লোরাইড্	... ..	২ ড্রাম।
	অয়েল অলিভ	... ...	½ ঔন্স।
	ডিককৃশন্ হর্ডিয়াই	... ...	৩ ঔন্স।

সূত্রবৎ কৃমি বহিষ্করণের জন্য মলদ্বারে পিচকারী দিতে হইবে।

(ডাঃ ট্যানার)

৮।	লাইম ওয়াটার	... ...	৬ ঔন্স।
	টিং ফেরি পারক্লোরাইড্ ..	...	১০ মিনিম।

পিচকারী দিতে হইবে। (ডাঃ বার্থজ এবং ওয়েষ্ট)

৯।	সোডিয়াই ক্লোরাইড্ ...	...	১ ঔন্স।
	ইন্‌ফিউশন্ কোয়াশিয়া ...		১০—২০ ঔন্স।

প্রত্যহ ১ বার করিয়া পিচকারী দিতে হইবে।

(মিঃ উইলিয়াম ডেট)

১০।	টিং ফেরি পারক্লোরাইড্	...	½ ঔন্স।
	ইন্‌ফিউশন্ কোয়াশিয়া ...	...	১ পাইণ্ট।

মলদ্বারে পিচকারী দিতে হইবে।

১১।	টিং ফেরি পারক্লোরাইড্	...	½ ঔন্স।
	একোয়া	... ...	৮ ঔন্স।

পিচকারী দিতে হইবে। (ডাঃ ডারওয়েল)

১২।	আর্জেণ্টাই নাইট্রাস	...	১—৩ গ্রেণ।
	একোয়া	... ...	১ ঔন্স।

পিচকারী দিতে হইবে। (ডাঃ ন্যাফি)

১৩। অয়েল টেরিবেন্থিনি ... ... ½ ঔন্স।
দুগ্ধ ... .. ১ পাইণ্ট।
পিচকারী দিতে হইবে। (ঐ)

১৪। হাইড্রার্জিরাই পারক্লোরাইড্ ... ১ গ্রেণ।
এমন মিউবাস ... ... ১ গ্রেণ।
একোয়া ডিষ্টিলেটা ... ... ১ পাইণ্ট।
পিচকারী দিতে হইবে। (ডাঃ নিমায়ার)

১৫। ট্যানিক এসিড্ ... ... ১৫ গ্রেণ।
কোকোয়া বটার ... ... ১ ড্রাম।
সাপোজিটরী। (ডাঃ ট্রুসো)

১৬। এলোজ বার্বেডেন্সিস্ .. .. ½ ড্রাম।
পটাশ কার্ব্ব ... ... ১৫ গ্রেণ।
ডিককৃশন্ এমিলাই অথবা বার্লী ওয়াটার ১০ ঔন্স।
পিচকারী দিতে হইবে।

টেপওয়ার্ম (পট্টকৃমি)।

১। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড · ½ ড্রাম।
সিরাপ রোজ ... ... ½ ঔন্স।
একমাত্রা, প্রাতঃকালে সেব্য। (ডাঃ ডেংলিসন্)

২। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড ... ½ ড্রাম।
মিকশ্চর্ বা এমিগডেলি ... ১—২ ঔন্স।
একমাত্রা, প্রাতঃকালে সেব্য। (ডাঃ নেলিগন)

৩। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড্ ২০—৪০ মিনিম।
সিরাপ জিঞ্জার ... ... ২ ড্রাম।

মিউসিলেজ ট্রাগাকান্থ ... ... ২ ঔন্স।
একোয়া ... ... ৪ ঔন্স।

৪। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড ১—২ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... ... ২৫ মিনিম।
পাল্‌ভ একেশিয়া ... ... ২০ গ্রেণ।
একোয়া ... সমষ্টি ২ ঔন্স।
৪ মাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ডাঃ ফর্বস্ ডিক্)

৫। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড ... ১½ ড্রাম।
ক্যালমেল ... ... ৭ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ½ ঔন্স।
সিরাপ গাম্ আরেবিক ... . ½ ঔন্স।
গাম্ একেশিয়া পাউডার ইমালসন্ প্রস্তুত করিতে যে পরিমাণে আবশ্যক। তিনমাত্রা, প্রত্যহ একমাত্রা সেব্য।

৬। গ্র্যানেটাই বেডিশিস কর্টেক্স ... ৩ ঔন্স।
সোডি বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ পাইণ্ট।
৬ ঘণ্টা যাবত ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লইতে হইবে। ৩ মাত্রায় বিভক্ত করিয়া এক এক মাত্রা সেব্য, শেষ মাত্রা সেবন পর ক্যাষ্টর অয়েল একমাত্রা সেবন করিতে হইবে।

৭। একষ্ট্রাক্ট ফিলিসিস্ লিকুইড ... ১ ড্রাম।
পাল্‌ভ ক্যামালা ... ... ২ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... ... ২ ড্রাম।

সিরাপ সিম্পল্ ... ... ২ ড্রাম।

একোয়া সিনেমম্ ... সমষ্টি ৩ ঔন্স।

রাত্রিতে শয়নকালে অর্দ্ধ মাত্রায় ও পরদিন প্রাতঃকালে অর্দ্ধ মাত্রায় সেব্য।

Jaundice.

জন্‌ডিস্, পাণ্ডুরোগ।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ বেঞ্জোইকম্, এসিড্ নাইট্রমিউরিয়াটিক ডিল, এলোজ, এমন ক্লোরাইড, কল্‌চিকম্, কোপেবা, ইথার, ইউনিমিন, হাইড্রার্জকম্‌ক্রিটা, হাইড্রার্জ সাব্ ক্লোরাইড্ মেগ্‌নেশিয়া সাল্‌ফ, পডফাইলাম, পটাশি ক্লোরাস, পটাশি সাল্‌ফাস্, সেনা, সোডি সাল্‌ফ, সোডি ফস্ফাস, ট্যাবাক্‌সিকাম।

নূতন ঔষধ।

ক্যাস্কারা সেগারেডা (Cascara Sagarada) লিকুইড একষ্ট্রাক্ট ১—২ ড্রাম মাত্রা, পিত্তনিঃসারক ও মৃদুবিরেচক।

চেলিডোনিয়াম্ (Cholidonium) সক্কাস্ ২০—৪০ মিনিম মাত্রা, মৃদুবিরেচক ও মূত্রকারক।

হাইড্রাষ্টিস্ (Hydrastis) টিং ৫—৩০ মিনিম মাত্রা, যকৃতের উত্তেজক।

হাইড্রাষ্টিন্ (Hydrastin) ২—৬ গ্রেণ মাত্রা, যকৃতের উত্তেজক।

আইরিডিন (Iridin) ২—৫ গ্রেণ মাত্রা, হায়োসায়েমাস অথবা রিয়াই পিল সহ। যকৃতের উত্তেজক।

মেঙ্গানেসিয়া সাল্‌ফ (Manganesii Sulph) ২—১০ গ্রেণ মাত্রা, বিরেচক, পিত্তনিঃসারক।

পডফাইলিন এমনিয়েটা (Podophylin Ammoniata) টিং ১০—২০ মিনিম মাত্রা, বিরেচক ও পিত্তনিঃসারক।

সাঙ্গুইনেরিয়া (Sanguinaria) ⅛—১ গ্রেণ মাত্রা, পিত্তনিঃসারক।

সোডি বেঞ্জোয়েটাস (Sodæ Benzoatus) ১০—৩০ গ্রেণ মাত্রা, যকৃতের উত্তেজক।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগের প্রারম্ভে হাইড্রার্জ সাব্‌ক্লোরাইড ১ মাত্রা বা একষ্ট্রাক্ট কলসিন্থ কোং সহ পিল হাইড্রার্জ সেবনান্তর লাবনিক বিরেচক ব্যবহার্য্য।

জিহ্বা পরিষ্কার থাকিলে ট্যারাক্‌সিকাম্‌ এবং কলম্বাসহ এসিড নাইট্রমিউরিয়াটিক ডিল্‌ বিশেষ উপকারী।

জিহ্বা অপরিষ্কার থাকিলে লাবনিক মৃদু-বিরেচক ফস্ফেট অব্‌ সোডা সহ ব্যবহারে উপকার দর্শে।

উদ্ভিজ্জ বিরেচক ঔষধ আবশ্যক হইলে ক্যাস্কারা, কলসিন্থ বা রুবার্ব ব্যবস্থা করা উচিত। অনেক সময় ক্ষারযুক্ত তিক্ত পাচক ঔষধে বিশেষ ফল পাওয়া যায়।

উদরাময় বর্ত্তমান থাকিলে বিশমথ স্যালিসিলাস ১০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যাইতে পারে।

অবরোধহেতু জন্‌ডিসে ইউনিমিন্‌, আইরিডিন্‌ এবং পডফাইলাম বিশেষ উপকারী।

পাকস্থলীর ও ডিওডিনমের কেটার হইলে ইপিকাক অতি উত্তম ঔষধ।

উদরাধ্মান বর্ত্তমান থাকিলে এসিড্ কার্ব্বলিক, ক্রিয়েজোট, মেন্থল এবং টার্পিণ্টাইন ফলদায়ক।

জন্‌ডিসের গাত্রকুণ্ডয়ন নিবারণ জন্য পটাশ ব্রোমাইড বা বেলাডনাসহ সোডি বাইকার্ব্ব এবং বোরাসিক এসিড্ লোশন বাহ্যিক প্রয়োগে উপকার দর্শে।

বৃষপিত্তঃ ৫।১০ গ্রেণ মাত্রায় পিল বা ক্যাপ্‌সুল আকারে সেবনে অনেক সময়ে উপকারিতা দৃষ্ট হয়।

১।	হাইড্রার্জ সাব্ ক্লোরাইড ...	৫ গ্রেণ।
	পিল রিয়াই কোং, অথবা	
	একষ্ট্রাক্ট কলসিন্থ কোং	৪ গ্রেণ।

২ বটীকা, রাত্রিতে শয়নকালে সেবন করিয়া পরদিন প্রাতঃকালে সিড্‌লিজ্ পাউডার ২½ ড্রাম অথবা সেলাইন মৃদু বিরেচক ঔষধ সেব্য।

(চার্লস্ মার্চিসন্)

২।	সোডি বাইকার্ব্ব ...	১০—২০ গ্রেণ।
	স্পিরিট এমন এরোমেটিক	১৫—২০ মিনিম।
	একষ্ট্রাক্ট ট্যারাক্‌সিসাই লিকুইড্ ...	½ ড্রাম।
	স্পিরিট ক্লোরফরম	১৫ মিনিম।
	টিং নক্‌সভমিকা	৫ মিনিম।
	একোয়া এনিথাই	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (ঐ)

৩।	এসিড্ নাইট্রমিউরিয়াটিক ডিল	১০—২০ মিনিম।
	একষ্ট্রাক্ট ট্যারাক্‌সিসাই	১০—২০ গ্রেণ।

ইন্‌ফিউশন্ কলম্বা, অথবা
জেন্‌শিয়ান ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

৪। এসিড্ নাইট্রমিউবিয়াটিক ডিল ... ১০ মিনিম।
স্পিরিট ইথাব নাইট্রিক ... ২০ মিনিম।
একষ্ট্রাক্ট ট্যাবাক্সিসাই ১০—২০ গ্রেণ।
স্পিবিট ইথাব ক্লোবিক ... ১৫ মিনিম।
ইনফিউশন কলম্বা অথবা জেন্‌শিয়ান ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

৫। লাইকব এমনি এসিটেটিস্ ১—২ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রেট ... ... ২০ মিনিম।
টিং একোনাইট ... ... ২ মিনিম।
একোয়া কাম্ফব ... ... ১ ঔন্স।
একমাত্রা, পাণ্ডুবোগে জ্বব বর্ত্তমান থাকিলে প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তব সেব্য।

৬। এমন ক্লোবাইড ... .. ১০ গ্রেণ।
একষ্ট্রাক্ট ট্যাবাক্সিসাই লিকুইড ½—১ ড্রাম।
স্পিরিট ইথাব ক্লোবিক .. ১৫—২০ মিনিম।
একোয়া এনিথাই ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য।

৭। ইউনিমিন ... .. ১½ গ্রেণ।
আইবিডিন ... ... ১ গ্রেণ।
ইপিকাক পাউডার ... ... ¼ গ্রেণ।
পিল কলসিন্থ কোং ... ... ২ গ্রেণ।
এক বটীকা, রাত্রিতে শয়নকালে সেব্য। (প্রঃ মার্চিসন)

৮। এলয়িন ... ... ½ গ্রেণ।
এসিড কার্ব্বলিক ... ... ১ মিনিম।
একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই ... ... ২ গ্রেণ।
একবটীকা প্রত্যহ প্রাতে ও রাত্রিতে সেব্য।

৯। সোডি সাল্‌ফাস ... ... ১ ড্রাম।
সক্কাই ট্যাবাক্সিসাই ... ½ -১ ড্রাম।
একোয়া এনিথাই ... ... ১ ঔন্স।
একমাত্রা প্রত্যহ দুই মাত্রা সেব্য।

১০। পডফাইলাম রেজিন ... ... ½ গ্রেণ।
পাল্‌ভ রিযাই ... ... ৫ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস .. ... ৩ গ্রেণ।
২ বটীকা, রাত্রিতে শয়নকালে সেব্য।

১১। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ½—১ ড্রাম।
— কার্ব্ব .. ... ১৫ গ্রেণ।
স্পিরিট এমন এরোমেটিক ১৫—২০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ হ্যাফি)

১২। কুইনি সাল্‌ফ .. ... ৪০ গ্রেণ।
ফেরিসাল্‌ফ এক্‌সিকেটা .. ২০ গ্রেণ।
এসিড আর্সেনিক ... ... ১ গ্রেণ।
২০ বটীকা, মেলেরিয়া জনিত জন্‌ডিস্‌ হইলে প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ রবার্টস্‌ বার্থলো)

১৩। ফেলবাভাইনাম পিউরিফিকেটম্ ... ১ ড্রাম।
মেগ্‌নেশিয়া সাল্‌ফ এক্‌সিকেটা ... ৪০ গ্রেণ।
পডফাইলাই রেজিন ... ... ৫ গ্রেণ।

২০ বটীকা, ক্যাটার‍্যাল জন্‌ডিসে প্রত্যহ তিন বটীকা সেব্য।

(ঐ)

১৪। কুইনি সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
পাল্‌ভ ইপিকাক ... ... ¼ গ্রেণ।
একষ্ট্রাক্ট নক্‌সভমিকা .. ... ¼ গ্রেণ।
— ট্যাবাক্‌সিসাই ... ৩ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য।

১৫। পিল্ হাইড্রার্জিবাই ... ... ৩০ গ্রেণ।
পাল্‌ভ ডিজিটেলিস ... ... ৫ গ্রেণ।
— সিলি ... ... ৫ গ্রেণ।

১০ বটীকা, প্রাতে এবং সন্ধ্যাকালে ২ বটীকা সেব্য।

(মিড্‌লসেক্স হাঁসপাতাল)

১৬। একষ্ট্রাক্ট ক াস্কাবা সেগারেডা লিকুইড ১—২ ড্রাম।
স্পিরিট এমন এরোমেটিক ১৫—২০ মিনিম।
— ক্লোরফরম ... ... ২০ মিনিম।
টিং বেলাডনা ... ৫—১০ মিনিম।
— নক্‌সভমিকা ... ৫—১০ মিনিম।
সিরাপ জিঞ্জার ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, রাত্রিতে শয়নকালে সেব্য।

১৭। সোডি ফস্ফাস ... ... ১ ড্রাম।
ডিককৃশন্ এলোজ কোং ... ৪ ড্রাম।
একোয়া মেন্থপিপ ... সমষ্টি ১২ ঔন্স।
একমাত্রা, আবশ্যক মত রাত্রিতে শয়নকালে সেব্য।
(ডাঃ ট্যানার)

১৮। স্যাঙ্গুইনেবিন ... ... ২ গ্রেণ।
একষ্ট্রাক্ট নক্সভমিকা ... ... ১/৪ গ্রেণ।
— হায়োসায়েমাস ... যথা প্রয়োজন।
একবটীকা, রাত্রিতে সেব্য। (ডাঃ ন্যাফি)

১৯। হাইড্রার্জ সাব ক্লোরাইড্ ... ৩ গ্রেণ।
পাল্‌ভ ওপিয়াই ... ... ২ গ্রেণ।
বিশমথ সাব্ নাইট্রাস ... .. ৫০ গ্রেণ।
৬ পুরিয়া, জন্ডিসে বমন হইলে প্রত্যেক পুরিয়া তিন ঘণ্টান্তর সেব্য। (প্রঃ উইলিয়াম্ পিপাব, এম, ডি)

২০। বিশমথ সেলিসিলাস ... ... ১০ গ্রেণ।
একপুরিয়া, উদরাময় হইলে প্রত্যেক পুরিয়া তিম ঘণ্টান্তর সেব্য। (প্রঃ চাল্‌স্ মার্চিসন)

২১। এমন ক্লোবাইড ... ... ১০ গ্রেণ।
একষ্ট্রাক্ট ট্যাবাক্‌সিসাই ... ১০ গ্রেণ।
ডিককৃশন এলোজ কোঃ ... ৪ ড্রাম।
মিক্শ্চুরা জেন্‌শিয়ান কোং ... ৪ ড্রাম।
সোডি এট পটাশি টার্টাস ... ১/২ ড্রাম।
টিং ল্যাভেণ্ডিউলি কোং ... ২০ মিনিম।
একমাত্রা, প্রত্যহ ২।৩ মাত্রা সেব্য। (ডাঃ ট্যানার)

২২। এমন ক্লোরাইড	...	... ১০ গ্রেণ।
— ব্রোমাইড	...	... ১০ গ্রেণ।
লাইকর এমনি এসিটেটিস		... ১ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম	...	১৫—২০ মিনিম।
একোয়া ক্যাম্ফর	...	... ১ ঔন্স।

একমাত্রা, জনডিসে বিকারের লক্ষণ প্রকাশ পাইলে প্রত্যেক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

২৩। এলোজ সকট্রিনা	...	... ১৫ গ্রেণ।
গ্যাম্বোজিয়া	...	... ১৫ গ্রেণ।
হাইড্রার্জ সাব ক্লোয়াইড্		.. ১৫ গ্রেণ।
সিরাপ	...	যথা প্রযোজন।

১০ বটীকা, সপ্তাহের মধ্যে ১।২ বটিকা।

Torpidity and Functional derangement of the Lever.

টর্পিডিটি এণ্ড ফাংসান্যাল ডিরেঞ্জমেণ্ট অব্ দি লিভার।

যকৃতের ক্রিয়ার বৈষম্য জনিত পীড়া বা ক্রিয়াবিকার।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ নাইট্রমিউরিয়াটিক্ ডিল্, এমন মিউরাস, হাইড্রার্জি-য়াই সাব্ ক্লোরাইড্, ইপিকাকুয়ানা, মেগ্নেশিয়া সাল্ফ, ধাতব জল, নক্সভমিকা, ওলিয়াম্, অলিভি, পডফাইলাম্, সেনা, ট্যারা-ক্সিকাম্।

নূতন ঔষধ।

ক্যাস্কারা সেগারেডা (Cascara Sagarada) একষ্ট্রাক্ট লিকুইড ১ ড্রাম মাত্রা, মৃদুবিরেচক ও পিত্তনিঃসারক।

আইরিডিন (Iridin) ২—৪ গ্রেণ মাত্রা, যকৃতের উত্তেজক।

লেপ্টাণ্ড্রিন (Leptandrin) ½—২ গ্রেণ মাত্রা, যকৃতের উত্তেজক।

স্যাঙ্গুইনেরিন (Sanguinarin) ২—৪ গ্রেণ মাত্রা, যকৃতের উত্তেজক।

চিকিৎসা বিষয়ক টীকা।

যকৃতের উত্তেজক ও পিত্তনিঃসারক ঔষধের মধ্যে মারকরি এবং তাহার প্রয়োগরূপই সর্ব্বোৎকৃষ্ট। প্রথমে পূর্ণ মাত্রায় ক্যালোমেল সেবন করাইয়া পরে লাবণিক বিরেচক ব্যবহার করিলে পিত্ত নিঃসরণ ক্রিয়ার প্রভূত সাহায্য হইতে পারে অথবা কলোসিন্থ বা রুবার্ব্ব সহ অল্প মাত্রায় ক্যালোমেল ব্যবহার করিলেও ঐ উদ্দেশ্য সফল হইতে পারে। কোন কোন অবস্থায় ক্যালোমেল সেবনে কিছুমাত্র উপকার না হইয়া বরং অগ্নিমান্দ্য আসিয়া উপস্থিত হয়। ঐরূপ স্থলে ক্যালোমেলের পরিবর্ত্তে অন্যান্য পিত্তনিঃসারক ঔষধ ব্যবহার করাই শ্রেয়।

পিত্তনিঃসারক ঔষধের মধ্যে পডোফাইলিন্ অতীব ফলদায়ক। ১—২ গ্রেণ মাত্রায় বিয়াই এবং ২—৩ গ্রেণ মাত্রায় হায়োসায়েমাস অথবা এক্সট্র্যাক্ট ক্যানাবিস ইণ্ডিকা ½ সহ ¼—১ গ্রেণ মাত্রায় পডোফাইলিন ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

যকৃতের ক্রিয়া বৈষম্য জনিত পীড়ায় ট্যারাক্সিকম্ মৃদুবিরেচক্ মূত্রকারক ও পরিবর্ত্তক রূপে ব্যবহৃত হইয়া থাকে। এমন্

ক্লোরাইড্ সহ উহা ব্যবহার করিলে আরও অধিক উপকার হইবার সম্ভাবনা।

যকৃতের ক্রিয়াবিকারে নাইট্রোমিউরিয়াটিক আসিড ডাই-লিউট এবং ক্যাসকারা অতি উত্তম ঔষধ।

পোর্টাল অববোধ জন্য যকৃতের রক্তাধিক্যে লাবণিক বিরেচক ঔষধ বিশেষ উপকারী।

১। এমন ক্লোরাইড ... ... ½ ঔন্স।
একোয়া মেন্থপিপ ... ... ৩ ঔন্স।
২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য। (চার্লস্ মার্চিসন্)

২। এমন ক্লোবাইড্ ... ... ১০ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট ট্যাবাক্সিসাই ... ১০—২০ গ্রেণ।
ডিককৃশন্ এলোজ কোং ... ৪ ড্রাম।
মিকৃশ্চ্ বা জেন্‌শিয়ান কোং ... ৪ ড্রাম।
সোডি টার্টাস ... ... ১ ড্রাম।
টিং ল্যাভেণ্ডার কোং ... ... ২০ মিনিম।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ জি কফিজ)

৩। হাইড্রার্জিরাই সাব্ ক্লোবাইড্ ... ৫ গ্রেণ।
এক পুরিয়া, রাত্রিতে শয়নকালে সেবন করিয়া পরদিন প্রাতঃকালে সিড্‌লিজ পাউডার ২½ ড্রাম সেব্য।

৪। পিল হাইড্রার্জিরাই ... ... ২ গ্রেণ।
— এলোজ .. ... ২½ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... যথা প্রয়োজন।
এক বটীকা, রাত্রিতে শয়নকালে সেবন করিয়া পরদিন প্রাতঃকালে নিম্নলিখিত ঔষধ একমাত্রা সেব্য।

মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ২—৪ ড্রাম।
ইন্‌ফিউশন্ ... ১—২ ঔন্স।
একমাত্রা। (ডাঃ হ্যাফি)

৫। এসিড্ নাইট্রমিউরিয়াটিক্ ডিল্ ... ১০ মিনিম।
এমন ক্লোরাইড ... ... ১০ গ্রেণ।
একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই লিকুইড্ ½—১ ড্রাম।
টিং কলম্বা ... ... ২০ মিনিম।
ইন্‌ফিউশন্ কলম্বা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

৬। একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই ... ... ১ ড্রাম।
এসিড্ নাইট্রমিউরিয়াটিক্ ডিল্ ... ১ ড্রাম।
টিং কার্ডেমম্ কোং ... ... ½ ঔন্স।
ইন্‌ফিউশন্ কলম্বা ... ... ২ ঔন্স।
একোয়া পাইমেণ্টি ... ... ৩½ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ হুপার)

৭। পিল হাইড্রার্জিরাই ... ৩ গ্রেণ।
পাল্‌ভ ইপিকাক ... ... ২ গ্রেণ।
সিরাপ জিঞ্জার ... যথা প্রয়োজন।
এক বটীকা রাত্রিতে শয়নকালে সেবন করিয়া পরদিন প্রাতঃকালে

ইন্‌ফিউশন্ সেনা কোং ... ১ ঔন্স।
পাল্‌ভ রিয়াই ... ... ২০ গ্রেণ।
টিং সেনা ... ... ১ ড্রাম।

টিং কার্ডেমম্ কোং ... ... ১ ড্রাম।
সিরাপ জিঞ্জার ... ... ১ ড্রাম।
একমাত্রা সেব্য। (ডাঃ এবার্নিথি)

৮। পডফাইলাম ... ... ই গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ই গ্রেণ।
— এলোজ ... ... ২ গ্রেণ।
এক বটীকা, প্রত্যহ ১ বটীকা সেব্য। (ডাঃ ষ্টিফেন্ মেকাঞ্জি)

৯। পডফাইলিন্ ... ... ই গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ই গ্রেণ।
আইবিডিন্ ... ... ২ গ্রেণ।
একবটীকা, রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

১০। আইবিডিন্ . ২—৪ গ্রেণ।
ইউনিমিন ... ... ১ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... যথা প্রয়োজন।
এক বটীকা, প্রত্যহ ২।৩ বটীকা সেব্য। (প্রঃ রুথারফোর্ড)

১১। একষ্ট্রাক্ট ইউনিমিন লিকুইড অথবা
টিং ইউনিমিন ... ... ৩ ঔন্স।
সিরাপ অর‍্যান্সাই ... .. ১ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রাতঃকালীন আহারের অগ্রে সেব্য।
(ডাঃ ন্যাফি)

১২। একষ্ট্রাক্ট ক্যাস্কারা সেগারেডা লিকুইড ১—২ ড্রাম।
সিরাপ অর‍্যান্সাই অথবা জিঞ্জার ... ১ ড্রাম।
একোয়া ... ১ ঔন্স।
একমাত্রা. রাত্রিতে শয়নকালে সেব্য।

১৩। পাল্ভ স্যাঙ্গুইনেরিন ... ২—৪ গ্রেণ।
একষ্ট্রাক্ট ট্যারাক্সিসাই ... যথা প্রয়োজন।
এক বটীকা, দিবসে দুই অথবা তিনবার সেব্য। (ডাঃ ন্যাফি)

Peritonitis.

(পেরিটোনাইটিস্) অন্ত্রাবরণ প্রদাহ।

ব্যবহৃত ঔষধের তালিকা।

একোনাইট, এমনিয়া, বেলাডনা, ক্লোরিক ইথার, ডিজিটেলিস, হাইড্রার্জিবাই সাব্‌ক্লোরাইড, ওপিয়াম, ওপিয়াম এবং বেলাডনা, উত্তেজক ঔষধ।

বাহ্যিক প্রয়োগ।

পিচকারী (এনিমেটা), পপিসহ গরমজল স্বেদ, পোল্‌টিস্।

নূতন ঔষধ।

কাইরিন্ (Kairine) ৫—৮।১৫ গ্রেণ মাত্রা, তরুণ প্রদাহে বিশেষ উপকারী। অন্ত্রাবরণ প্রদাহে ৩ গ্রেণ মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর ব্যবহার্য্য। মেডিকাল্ জার্ণাল ১৮৮৪।

চিকিৎসা বিষয়ক টীকা।

আশু ফলদায়ী ঔষধের মধ্যে ক্যালোমেল এবং ওপিয়ম সর্ব্ব প্রধান। উভয় ঔষধই একত্রে বটিকাকারে ২—৪ ঘণ্টান্তর সেবন করা আবশ্যক। প্রায় সমস্ত ঔষধাপেক্ষা ওপিয়ম সর্ব্বোৎকৃষ্ট। ওপিয়ম ব্যবহারে যে কেবল বেদনা নিবারণ হয় এমত নহে, ইহা দ্বারা অন্ত্রের সঙ্কোচন ক্রিয়া নিবারিত হইয়া প্রদাহ এবং বেদনার হ্রাস ও রোগের উপসম হইয়া থাকে। ওপিয়ম সচরাচর

১—২ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হয়। প্রথমাবস্থায় প্রদাহ নিবারণ জন্য একোনাইট ডিজিটেলিস এবং ভিরাট্রাই ভিরিডি অনেকে ব্যবস্থা করেন।

পাকাশয়ের উত্তেজনা বর্ত্তমান থাকিলে ওপিয়মের আভ্যন্তরিক প্রয়োগের পরিবর্ত্তে গুহাদ্বাবে পিচকারি অথবা মর্ফিয়ার ত্বক নিম্নে পিচকারি প্রযোগ করা কর্ত্তব্য।

হিমাঙ্গের সামান্য লক্ষণ দৃষ্ট হইবামাত্র উত্তেজক ঔষধ সেবন আবশ্যক। পাকাশয়েব উত্তেজনা থাকিলে উহা এনিমা অর্থাৎ পিচকাবী দ্বারা দেওয়া কর্ত্তব্য।

দুরুহ পেরিটোনাইটিস বোগে অল্প মাত্রায কুইনাইন, ইথার, এমোনিয়া, মস্ক, ক্যাম্ফর, বার্ক এবং টার্পেণ্টাইন বিশেষ উপকারী।

বিবমিষা ও বমন বর্ত্তমান থাকিলে হাইড্রসায়েনিক এসিড, ডাইলিউট মর্ফিয়া, ক্রিযেজোট, সোডাওয়াটার এবং দুগ্ধ ও বরফ দেওয়া কর্ত্তব্য।

গুরুতর উদবাময়ে টিং ওপিয়মের পিচকারি অতীব ফলদায়ক।

উদবাধ্মানের উপসম জন্য টাবপেণ্টাইন এবং গবম জলের স্বেদ, টারপেণ্টাইন সংযুক্ত ঔষধেব পিচকাবি এবং দীর্ঘ নল দ্বারা এনিমা প্রয়োগ করা কর্ত্তব্য। অতি কঠিনাবস্থায় ট্রোকার দ্বারা উদর প্রাচীব বিদ্ধ কবিয়া অবরুদ্ধ বায়ু বহির্গত করা কর্ত্তব্য। হিকক বা হিক্কা উপস্থিত হইলে অবসাদক ঔষধ, রাইয়ের প্ল্যাষ্টার এবং ক্লোবোফরম বাষ্প গ্রহণ ব্যবহার্য্য।

জল বা পূয়ঃ সঞ্চয় হইলে প্যারাসিণ্টেশিস বা ট্রোকার ও ক্যানুলার দ্বারা জল বা পূঁজ বাহির করা কর্ত্তব্য।

১। হাইড্রার্জিবাই সাব্ ক্লোরাইড ... ১ গ্রেণ।
পাল্‌ভ ওপিয়াই ... ½—১ গ্রেণ।
এক পুরিয়া, প্রত্যেক পুরিয়া ২।৩ ঘণ্টান্তর সেব্য।

প্রঃ

২। মর্ফিয়া ... ⅛—¼ গ্রেণ।
বেদনা নিবারণের জন্য ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োজ্য। (ঐ)

৩। লাইকর মর্ফিয়া ... ... ২০ মিনিম।
— এট্রপিয়া সাল্‌ফ ... ১ মিনিম।
ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রযোজ্য। (ঐ)

৪। টিং একোনাইট ... ২—৪ মিনিম।
স্পিরিট ক্লোরফরম ... ১৫—২০ মিনিম।
টিং ডিজিটেলিস ... ... ৫ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, জ্বর এবং প্রদাহ নিবারণের জন্য প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ফ্রেডারিক, টি, রবার্ট)

৫। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ⅛ গ্রেণ।
— ওপিয়াই ... ... ১ গ্রেণ।
একবটীকা, প্রত্যেক বটীকা তিন ঘণ্টান্তর সেব্য।

৬। স্পিরিট এমন এরোমেটিক ১৫—২০ মিনিম।
— ইথারিস ... ১০—২০ মিনিম।
টিং ডিজিটেলিস .. ... ৫ মিনিম।
— মাস্ক ... ২০—৩০ মিনিম।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।
একমাত্রা, অবসাদন হইলে প্রত্যেক মাত্রা ২ ঘণ্টান্তর সেব্য।

৭। ক্রিয়েজোট ... .. ১ মিনিম।
এসিড হাইড্রসায়েনিক ডিল ২—৩ মিনিম।
স্পিরিট ক্লোরফরম ... ১৫—২০ মিনিম।
মিউসিলেজ ... ১—২ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, অন্ত্রাবরণ প্রদাহে বমন হইলে প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য।

৮। টিং ওপিয়াই ... ½—১ ড্রাম।
মিউসিলেজ এমিলাই ... ... ১ ঔন্স।

মলদ্বারে পিচকারী দিতে হইবে।

৯। স্পিরিট এমন এরোমেটিক ... ১৫ মিনিম।
— ক্লোরফরম ... ... ১৫ মিনিম।
অয়েল এনিসাই ... ... ১ মিনিম।
টিং কার্ডেমম্ কোং .. ... ½ ড্রাম।
একোয়া মেন্থপিপ ... ... ১ ঔন্স।

একমাত্রা, উদরাধ্মান থাকিলে প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য।

১০। স্পিরিট এমন এরোমেটিক ১৫—২০ মিনিম।
টিং ডিজিটেলিস্ ... ... ৫ মিনিম।
ভাইনম গ্যালিসাই ... ½—১ ড্রাম।
টিং কার্ডেমম্ কোং ... ... ½ ড্রাম।
একোয়া এনিথাই ... ... ১ ঔন্স।

একমাত্রা, অবসন্ন বা হিমাঙ্গ অবস্থায় প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য।

১১।	মেগ্নেশিয়া সাল্ফ	... ...	½ ড্রাম।
	সোডি সাল্ফাস	... ...	½ ড্রাম।
	টিং বেলাডনা	... ...	১৫ মিনিম।
	একোয়া	... ...	১ ঔন্স।

কোষ্টবদ্ধতায় ব্যবহার্য্য।

১২।	টিং ভিরাট্রাই ভিবিডি	... ...	২ মিনিম।
	স্পিরিট ক্লোবফবম	... ...	১৫ মিনিম।
	লাইকর একোয়া মেস্থপিপ	...	১ ঔন্স।

একমাত্রা, বোগের প্রথমাবস্থায় প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য।

Pyrosis.

(পাইরোসিস) মুখে জল উঠা।

ব্যবহৃত ঔষধেব তালিকা।

এসিডম কার্ব্বলিকম, এসিডাম্ গ্যালিকাম্, এসিড্ হাইড্রসায়েনিক ডিল্, এসিড্ নাইট্রিক ডিল্, এসিড্ সাল্ফিউরাস্, এলাম্, আর্জেণ্টাই নাইট্রাস, আর্জেণ্টাই অক্সাইডম্, বেঞ্জোইন, বিশমথ সাবনাইট্রাস, কার্ব্বো লিগ্নাই, সিবিযাই অক্জেলাস, পাল্ভ কাইনো কোং, লাইকর ফেবিপার নাইট্রেটিস্, লুপুলাই একষ্ট্রাক্ট, মেগ্নেশিয়া কার্ব্ব, নক্সভমিকা, সোডি বাইকার্ব্ব, সোডি সাল্ফ কার্ব্বলাস।

নূতন ঔষধ।

ম্যাঙ্গেনেসিয়াই অক্সাইডম্ (Manganesii Oxidum) ৩—১০ গ্রেণ মাত্রা, মুখে জল উঠা এবং পাকাশয় শূলে উপকারী।

চিকিৎসা বিষয়ক টীকা।

এইরোগে ওপিয়মসহ ধারক ঔষধ সেবন অতি প্রয়োজনীয় এবং উহা আহারের মধ্যবর্ত্তী সময়ে দেওয়া উচিত। অন্যান্য ঔষধের মধ্যে লাইম্ ওয়াটার, বিশমথ্ জিঙ্ক, ধাতব বা উদ্ভিজ্জ ধারক ঔষধ সকল যথা, আর্জেণ্টাই নাইট্রাস, আর্জেণ্টাই অক্সাইড্, কাইনো, ক্র্যামেরি, লগ্ উড এবং ট্যানিক এসিড্ শ্রেষ্ঠ।

বেদনা বর্ত্তমান থাকিলে ধারক ঔষধসহ ওপিয়ম ব্যবহার করাই উচিত। যাহাতে পাকাশয়ে কোনরূপ উত্তেজনা না হয় সে বিষয়ে দৃষ্টি রাখা কর্ত্তব্য।

পথ্য যত লঘু হয় ততই ভাল।

১। সোডি বাইকার্ব্ব ... ২০—৩০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ঔন্স।
অয়েল এনিসাই ... ... ১ মিনিম।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (প্রঃ পিয়রি, ফ্রান্স)

২। কুইনি সাল্ফ ... ... ২২ গ্রেণ।
পেপসিন্ ... ... ১১০ গ্রেণ।
একষ্ট্রাক্ট এবসিস্থি অথবা জেন্শিয়ান যথা প্রয়োজন।

৪০ বটীকা, মুখে জল উঠা, পেট ফাঁপা এবং পাকাশয় শূলে আহারের পূর্ব্বে ২ বটীকা সেব্য। (ঐ)

৩। সোডি বাইকার্ব্ব ... .. ১৪ গ্রেণ।
টিং কলম্বা ... ... ১ ড্রাম।
পরিশ্রুত জল ... .. ৩ ঔন্স।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।

১ মাত্রা, আহারের পূর্ব্বে সেব্য। (ঐ)

৪। মেগ্‌নেশিয়া কার্ব্ব ... ... ১২ গ্রেণ।
বিশমথ সাব নাইট্রাস ... ৪—৭ গ্রেণ।
পাল্‌ভ ওপিয়াই ... .. ½ গ্রেণ।

একমাত্রা, অম্ল ও অজীর্ণসহ মুখে জল উঠায় আহারের পূর্ব্বে সেব্য। (ঐ)

৫। এসিড কার্ব্বলিক ... ... ১ গ্রেণ।
এল্‌কোহল ... ... ১ ড্রাম।

আহারের ১ ঘণ্টা পূর্ব্বে ১ ঔন্স জলসহ ২৫ মিনিম মাত্রায় সেব্য। (ডাঃ পড্‌মোর্ জোন্স)

৬। টিং বেঞ্জোইন কোং ... .. ১ ড্রাম।
মিউসিলেজ ... ... ২ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

১ মাত্রা, প্রত্যহ দুই মাত্রা সেব্য। (ডাঃ হ্যাফি)

৭। বিশমথ সাব নাইট্রাস ... ৫—১০ গ্রেণ।
পাল্‌ভ কাইনো কোং ... .. ১০ গ্রেণ।

১ মাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(সার টমাস ওয়াট্‌সন্)

৮। লাইকর ফেরি পারনাইট্রেটিস ১০—১৫ মিনিম।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ হ্যাফি)

Vomiting.

বমন।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড আরসেনিয়োসম্, এসিড্ কার্ব্বলিক, এসিড হাইড্রো-সায়েনিক ডিল্, এসিড টার্টারিক, এমোনিয়া সাইট্রাস, বিসমথ সাবনাইট্রাস, ব্রোমাইডস্, ক্যালোমেল, সিরিয়াই অক্সেলাস্, ক্লোরাল, ক্লোরোফরম, সিনামম্, ক্রিয়েজোট, ইপিকাকুয়ানা, আইয়োডম্, নাইট্রাইট্ অফ এমাইল্, নাইট্রোগ্লিসারিন্, নক্স-ভমিকা, সোডা বাইকার্ব্ব।

নূতন ঔষধ।

ককুলস্ (Cocculus) টিং ১—৫ মিনিম মাত্রা, শিরঃপীড়া সহ বমনে বিশেষ উপকারী।

নাইট্রোগ্লিসারিন্ (Nitroglycerine) $\frac{১}{১০০}$ গ্রেণ বা এক পার-সেণ্ট সলিউসনের ১ মিনিম মাত্রা, পাকাশয়ের উত্তেজনা জনিত বমনে ও গর্ব্ভাবস্থার বমনে ডাঃ হমফ্রিস অতি সন্তোষ-জনক ফল পাইয়াছেন।

ষ্ট্রনসিয়ম ব্রোমাইড (Strontium Bromide) ৫—১০ গ্রেণ মাত্রা, ডাঃ করোনিডি হিষ্টিরিয়া ও গর্ব্ভাবস্থার বমনে এই ঔষধ ব্যবস্থা করেন।

চিকিৎসা বিষয়ক টীকা।

বমনের চিকিৎসার এই দুইটী উপায় অবলম্বন করা উচিত ১ম উহার কারণ নির্দ্দেশ করিয়া তাহা দুরিভূত করা ২য় বমন কেন্দ্রের উত্তেজনার হ্রাস করা। দ্বিতীয় উপায়ের সহায়তা জন্য ওপিয়ম, মর্ফিয়া, পটাশ ব্রোমাইড্ ক্লোরাল হাইড্রাস, হাইড্রো-

সায়েনিক এসিড ডিল্, বেলেডোনা, ষ্ট্রিক্‌নিয়া এবং অল্প মাত্রায় ইপিকাকুয়ানা ব্যবহার্য্য। উপরোক্ত ঔষধ সমস্তই প্রায় পাকাশয়ের অবসাদক সুতরাং উহারা বমন নিবারণের বিশেষ উপযোগী।

সমুদ্র যাত্রাকালীন বমনে মস্তকটি দেহের সমান্তরাল ভাবে অথবা দেহ হইতে একটু নিম্নভাগে রাখাই উচিত।

মস্তিষ্কের পীড়া জনিত বমনে মস্তকে শৈত্য প্রয়োগ ও ব্রোমাইড এবং হাইড্রসায়েনিক এসিড ডিল সেবন বিশেষ উপকারী।

বিষ সেবন জনিত বমনে প্রথমতঃ কোন ক্রমেই বমন বন্ধ করা উচিত নহে।

মুখগহ্বরের ও অলিজিহ্বার পার্শ্বস্থ প্রদেশের প্রদাহ জনিত বমনে ধারক কবল বা গ্লিসারিন প্রয়োগ করা কর্ত্তব্য।

পাকাশয়ের অজীর্ণ দ্রব্য জনিত বমনে বমন বন্ধ না করিয়া বরং উহার সহায়তা করাই উচিত।

অগ্নিমান্দ্য বা অজীর্ণের বমনে পেপ্‌সিন এবং তিক্ত বলকারক ঔষধ ব্যবহার্য্য। আভ্যন্তরিক অন্তরুৎসেচন বা পচন জনিত বমনে সাল্‌ফার এবং ক্রিয়েজোট অতীব ফলদায়ক।

পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা জনিত বমনে বিসমথ, হাইড্রসায়েনিক এসিড ডিল, ওপিয়ম এবং বরফ অতি উত্তম ঔষধ। বিসমথের প্রয়োগ রূপের মধ্যে বিসমথ সাব্‌নাইট্রাটস্ সর্ব্বোৎকৃষ্ট, ইহা ম্যাগ্‌নেসিা সোডা, পটাশ বা কার্ব্বোনেট অব লাইম সহ ব্যবহার্য্য।

যকৃতের প্রদাহ জনিত বমনে ওপিয়ম ও হাইড্রসায়েনিক এসিড ডিল্ ব্যবস্থা করা উচিত।

পিত্তশীলা জনিত বমনে পূর্ণমাত্রায় ওপিয়ম সেবন বিশেষ উপকারী।

গর্ভাবস্থার বমনে উপরের লিখিত ঔষধ ব্যতিরেকে সিরিয়াই অক্জেলাস ব্যবস্থা করা যাইতে পারে।

কখন কখন জরায়ুর মুখে কষ্টিক লোসান (১০০ শত ভাগ পরিশ্রুত জলে দশ ভাগ) অথবা কোকেন সলিউসান (১০০ শত ভাগে ৪ ভাগ) প্রয়োগে তৎক্ষণাৎ বমন নিবারিত হয়।

১। বিসমুথাই কার্ব্ব ... ... ১০ গ্রেণ।
ম্যাগ্‌নেশিয়া কার্ব্ব ... ... ১০ গ্রেণ।

একমাত্রা এক পুরিয়া অর্দ্ধ বোতল সোডা ওয়াটারের সঙ্গে দিবসে তিন বার সেব্য।

২। বিশমথ সাবনাইট্রাস .. ১০—২০ গ্রেণ।
এসিড্ হাইড্রসায়েনিক্ ডিল্ .. ৩ মিনিম।
মিউসিলেজ .. ... ১ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
পরিশ্রুত জল ... ১ ঔন্স।

একমাত্রা, পাকাশয়ের পীড়াজনিত বমনে প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য। (ডাঃ টি, লডার ব্রণ্টন)

৩। লাইকর বিশমথ ... ½—১ ড্রাম।
এসিড্ হাইড্রসায়েনিক ডিল ... ৩ মিনিম।
সিরাপ অরেন্সাই ফ্লোরিস ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, দিবসে তিন বার, পাকাশয়ের পীড়াজনিত বমনে উপকারী। (ঐ)

৪। বিশমথ সাব্‌নাইট্রাস্ ... ... ১০ গ্রেণ।
লাইকর ওপিয়াই সিডেটাইভাস্ ... ১০ মিনিম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
এসিড্ হাইড্রসাযেনিক ডিল্ ... ২ মিনিম।
পরিশ্রুত জল .. ১ ঔন্স।

একমাত্রা, পাকাশয়েব পীড়াজনিত বমনে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৫। লাইকর বিশমথ ... .. ১ ড্রাম।
সিরাপ অবেন্সাই ফ্লোবিস ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, দিবসে তিনবার সেব্য। (ঐ)

৬। পটাশ ব্রোমাইড ... ... ১০ গ্রেণ।
এসিড্ হাইড্রসাযেনিক ডিল্ ... ৩ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, স্নাযবীয় বমনে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৭। ক্লোরাল হাইড্রেট ... ১০—১৫ গ্রেণ।
স্পিরিট ক্লোবফবম .. ১০ মিনিম।
একোয়া . ... ১ ঔন্স।

একমাত্রা, সমুদ্র যাত্রাকালীন বমনে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টাস্তব সেব্য।

৮। লাইকর আর্সেনিকেলিস ১—৩ মিনিম।
সিবাপ অবেন্সাই ফ্লোরিস ... ১ ড্রাম।

পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

একমাত্রা মদ্যপায়ীদিগের বমনে দিবসে তিনমাত্রা সেব্য।

(ডাঃ রিঙ্গার)

৯। ক্রিয়েজোট ... ... ১০ মিনিম।

টিং জেন্সিয়ান্ কোং ... ... ২½ ড্রাম।

একষ্ট্রাক্ট অথবা এসেন্স কফি ... ২½ ড্রাম।

ব্রাণ্ডি ... ... ১ ঔন্স।

পরিশ্রুত জল ... ... ৩½ ঔন্স।

½ ঔন্স মাত্রায় যক্ষাকাশের ও গর্ভাবস্থার বমনে দুগ্ধসহ দিবসে দুই তিনবার সেব্য। (ডাঃ ক্যাটজার, জার্মানি)

১০। এসিড কার্ব্বলিক ... ... ৪৫ গ্রেণ।

বিসমথ সাবনাইট্রাস ... ... ২ ড্রাম।

মিউসিলেজ একেশিয়া ... ... ১ ঔন্স।

একোয়া মেন্থপিপ্ . ... ৩ ঔন্স।

প্রবল পাকাশয়েব ও অন্ত্রের পীড়া সমূহের বমনে ½ ঔন্স মাত্রায় ২।৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ বার্থলো)

১১। এসিড সলফিউবোসম্ ... ... ½ ড্রাম।

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা অন্তরুৎসেচন বা পচন জনিত বমনে দিবসে তিনবার সেব্য। (ডাঃ ড্রিসডেল)

১২। ক্যালমেল ... ১/১০—½ গ্রেণ।

সুগার অফ মিল্ক .. যথা প্রয়োজন।

এক পুরিয়া ওলাউঠার বমনে প্রত্যেক পুরিয়া এক ঘণ্টান্তর সেব্য। (ডাঃ হ্যাফি)

১৩। ক্লোরফরম ... ... ৫ মিনিম।
পরিশ্রুত জল .. ½—১ ঔন্স।

একমাত্রা দুরারোগ্য বমনে প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ হ্যাফি)

১৪। মিক্শ্চ বা ক্রিয়েজোট ... ... ১ ঔন্স।
টিং একোনাইট ... ... ২ মিনিম।

গর্ব্ভাবস্থায় এবং হিষ্টিরিয়াব অনববত বমনে প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তব সেব্য।

১৫। সিরিয়াই অক্সেলাস .. ¼—২ গ্রেণ।
বিসমথ সাবনাইট্রাস ... ১০ গ্রেণ।

এক পুবিয়া গর্ব্ভাবস্থাব বমনে প্রত্যেক পুবিয়া ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

১৬। টিং নক্সভমিকা ... .. ১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা যক্ষ্মাকাশেব বমনে দিবসে তিনবাব সেব্য।

(ডাঃ ডগ্লাস পাউয়েল)

১৭। এসিড হাইড্রক্লোরিক ডিল ... ৫ মিনিম।
একোয়া .. ... ১ ঔন্স।

একমাত্রা গর্ব্ভাবস্থাব বমনে প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(মেডিক্যাল অ্যানুয়েল)

১৮। নাইট্রোগ্লিসাবিন সোলিউসন (১০০
শত ভাগে এক ভাগ) ... ১ মিনিম।
একোয়া ... ... ½ ঔন্স।

একমাত্রা সমুদ্র যাত্রাকালীন ও গর্ভাবস্থার বমনে দিবসে তিন-বার সেব্য।

১৯। ভাইনম ইপিকাক ... ... ১ মিনিম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

একমাত্রা, পাকাশয়ের প্রবল প্রদাহে ও গর্ভাবস্থার, মদ্যপায়ী-দিগের এবং অতিশয় দুর্ব্বল অবস্থার বমনে ২।৩।৪ ঘণ্টান্তর সেব্য।

Diseases of the Urinary System.

মূত্র যন্ত্রাদির পীড়াসমূহ।

Albuminuria.

(এলবুমিনিউরিয়া বা মূত্রদ্বারা এলবুমিন বহির্গমন)।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড বেঞ্জোয়িক, এসিড গ্যালিক, এসিড ট্যানিক, এণ্টি-মনিয়াই এট্ পটাশি টার্ট, আর্সেনিক, বেলেডোনা, ক্যান্থারিস, ক্রোব্যাল, ডিজিটেলিস, আর্গট, ফেরি আইওডাই, টিং ফেরি পারক্লোরাইড, পটাশ বাইটার্ট, পটাশ সল্ফ, সোডি কার্ব্ব।

নূতন ঔষধ।

ক্যাফিন (Caffein) ২—৫ গ্রেণ মাত্রা, মূত্রকারক।

চিমাফিলা (Chimaphila) ডিকক্সন ১—২ ঔন্স মূত্রকারক, পুরাতন এলবুমিনিউরিয়ায় ব্যবহৃত হয়।

ইউক্যালিপটস্ গ্লোবিউলস্ (Eucalyptus Globulus) লিকুইড একষ্ট্রাক্ট ১০ মিনিম মাত্রা, ডাঃ উইলিয়াম এণ্ডার্সন এলবুমিনিউরিয়ায় ১০ মিনিম মাত্রায় ব্যবহার করিয়া সন্তোষজনক ফল পাইয়াছেন।

ফক্সিন (Fuchsin or Rosanilin Hydrochloride) ১ গ্রেণ মাত্রা, মিঃ বুচু এলবুমিনিউরিয়ায় ইহার ভূয়সী প্রশংসা করেন।

জেবোর্যাণ্ডি (Jaborandi) টিং ৩০—৬০ মিনিম মাত্রা, সন্তান প্রসবের পর যে এলবুমিনিউরিয়া হয় তাহাতে উপকারী।

নাইট্রোগ্লিসারিন (Nitroglycerine) এক পার্শেণ্ট সোলি-উসন্ অর্থাৎ ১০০ শত ভাগ জলে একভাগ দ্রব করিয়া প্রস্তুত করিতে হইবে। মাত্রা ১ মিনিম, পুরাতন এলবুমিনিউরিয়ায় অধিক উপকারী।

পাইলকার্পিন (Pilocarpine) $\frac{1}{30}$—$\frac{1}{6}$ গ্রেণ মাত্রা, ক্রিয়া জেবোব্যাণ্ডির মত।

চিকিৎসা বিষয়ক টীকা।

ফল্স বা কাল্পনিক এলবুমিনিউরিয়ায় কুইনাইন অতি উত্তম ঔষধ। পথ্যের দোষ বশতঃ বা অজীর্ণতা হেতু মূত্রে এলবুমেন দৃষ্ট হইলে পাচক ঔষধ ও আর্সেনিক অতীব ফলদায়ক।

ট্রু বা যথার্থ এলবুমিনিউরিয়ায় মূত্র যন্ত্রের উপরে গরম জলের স্বেদ ও শুষ্ক কপিং প্রয়োগ করা কর্ত্তব্য। আভ্যন্তরিক ঔষধের মধ্যে ডিজিটেলিস সর্ব্বোৎকৃষ্ট।

অবিরতকাল রক্ত হইতে এলবুমেন বাহির হওয়ার জন্য শরীর শীর্ণ ও দুর্ব্বল হইয়া পড়ে, তজ্জন্য লৌহ ঘটিত ঔষধ সেবন বিশেষ প্রয়োজনীয়।

১। টিং ফেরি পারক্লোরাইড		১০—১৫ মিনিম।
সিরাপ অরেন্সিয়াই	...	... ১ ড্রাম।
একোয়া	...	.. ১ ঔন্স।

একমাত্রা, দিবসে তিন বার। (ডাঃ এফ্, ডি, হাবিলাণ্ড হল, লণ্ডন)

২। টিং ফেরি পারক্লোরাইড		... ১০ মিনিম।
— ডিজিটেলিস	...	৬—১০ মিনিম।
সিরাপ টলু	...	... ১ ড্রাম।
একোয়া	..	.. ১ ঔন্স।

একমাত্রা, দিবশে তিনবার।

৩। লাইকর আর্সেনিকেলিস ৩—৫ মিনিম।
সিরাপ অরেন্সিয়াই ... ... ১ ড্রাম।
একোয়া . ... ১ ঔন্স।

একমাত্রা, ফল্‌স এলবুমিনিউরিয়ায় দিবসে তিনবার সেব্য।

(ডাঃ লডর্‌ ব্রণ্টন্‌)

৪। টিং নক্‌স্‌ভমিকা .. .. ১০ মিনিম।
ইনফিউজন্‌ জেন্সিয়ান কোং .. ১ ঔন্স।
অথবা একোযা ক্লোরফর্ম্মাই ... ½ ঔন্স।

একমাত্রা, মূত্র যন্ত্রেব ক্রিয়া বৈষম্য হেতু এলবুমিনিউবিযায় দিবসে তিন বার সেব্য।

(চার্লশ ই,, সাইমন্‌ এম্‌, ডি, ব্যাল্টিমোব)

৫। এসিড গ্যালিক ... ৮—৩০ গ্রেণ।
আর্গট . ... ১০ গ্রেণ।
টিং ফেরি পাবক্লোরাইড ... ৩ মিনিম।
— আইওডাই ... .. ৩ মিনিম।
একোযা ... ... যথা প্রয়োজন।

একমাত্রা, দিবসে তিন বাব সেব্য। (ডাঃ সি, পল্‌ প্যারিস্‌)

৬। এসিড গ্যালিক ... ... ১ ড্রাম।
সাল্‌ফ ডিল্‌ ... .. ½ ড্রাম।
টিং লুপুলাই ... ... ১ ড্রাম।
ইনফিউজন্‌ লুপুলাই . ... ৬ ঔন্স।

এক ঔন্স মাত্রায় দিবসে তিনবার সেবা।

(ডাঃ উইলিয়ম এট্‌কিন এম, ডি,)

৭। ট্যানিন্ ... ... ২ গ্রেণ।
ফক্‌সিন্ ... ... ১ গ্রেণ।
গ্লিসারিন্ ট্র্যাগাকান্থ ... ... যথা প্রয়োজন।

এক বটীকা, প্রাতে ও রাত্রিতে এক বটীকা মাত্রায় সেব্য।

(মঃ বুচু, প্যারিস)

৮। সোডা ফস্‌ফেটিস .. ... ২½ ড্রাম।
— ক্লোরাইড ... ... ২½ ড্রাম।
— আইওডাইড ... ... ২½ ড্রাম।
— ব্রোমাইড ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১৭ ঔন্স।

½ ঔন্স মাত্রায় দুগ্ধসহ দিবসে চারিবার সেব্য।

(মেডিক্যাল প্রেস এবং সার্কিউলার)

৯। টিং ক্যান্থারিস ... ... ১ মিনিম।
— ডিজিটেলিস ... .. ৫ মিনিম।
ক্যাম্ফর ওয়াটর ... ... ১ ঔন্স।

একমাত্রা, পুরাতন এলবুমিনিউরিয়ায় দিবসে তিনবার সেব্য।

(মেডিক্যাল এনুয়েল)

১০। এসিড বেঞ্জোয়িক ... ১৫—৩০ গ্রেণ।
শর্করা ... ... ৩ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ২ পাইণ্ট।

পানীয়রূপে ব্যবহার্য্য অর্থাৎ পিপাসা হইলে অল্প অল্প করিয়া পান করিতে হইবে। (ডাঃ রু, প্যারিস)

১১। এমন্ ক্লোরাইড্ ... ... ১০ গ্রেণ।
টিং ফেরি পারক্লোরাইড .. ১০—১৫ মিনিম।

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, দিবসে তিনবার সেব্য। (ডাঃ জর্জ্জ জনসন্)

১২। ফেরি এট্ এমোনি সাইট্রাস ... ১ ড্রাম।

সিরাপ সিম্প্লেক্স ... ... ½ ঔন্স।

একোয়া .. ... ৫½ ঔন্স।

এক ঔন্স মাত্রায় দিবসে তিনবার সেব্য। (ডাঃ সি, লিন্স)

১৩। পটাস আইওডাইড .. ৩—৫ গ্রেণ।

টিং ডিজিটেলিস .. ... ৫ মিনিম।

সিরাপ এল্থি ... .. ১ ড্রাম।

ইনফিউজন বকু ... ১ ঔন্স।

একমাত্রা, দিবসে তিনবাব সেব্য।

Acute Bright's Disease.

একিউট ব্রাইটস্ ডিজিজ।

প্রবল ব্রাইটস্ পীড়া।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিডাম্ নাইট্রিকাম্, এসিডাম্ ফস্ফরিকাম্, বেলাডনা, ক্যান্থারাইডিস্, কল্চিকাম্, ডিজিটেলিস, আর্গট, ইউনিমিন্, ফেরি পারক্লোরাইড্ টিং, হাইড্রার্জাইবাই পাবক্লোরাইড্, লাইকর আর্সেনিকেলিস্, মর্ফিয়া, ওপিযাম্, স্কোপেবিয়াই।

নূতন ঔষধ।

কন্ভেলেরিয়া মেজলিস্ (Convallaria Majolis) টিং ৫—৩০ মিনিম মাত্রা, মূত্রকারক।

হাইড্রাষ্টিস (Hydrastis) ১০—৩০ মিনিম মাত্রা, মূত্রকারক।

জেবর্য্যাণ্ডি (Jaborandi) টিং ৩০ – ৬০ মিনিম মাত্রা, ব্রাইটস্ পীড়াব শোথে ব্যবহার্য্য।

পাইলকার্পিন (Pilocarpine) ১/৮—১/২ গ্রেণ মাত্রা, মূত্রকারক।

নাইট্রগ্লিসারিন (Nitroglycerine) ১/১০০ গ্রেণ অথবা (১ পারসেণ্ট সলুশনের) ১ মিনিম মাত্রা। ডাঃ মেয়ো রবসন্ ইহা ব্যবহাবে বিশেষ উপকার প্রাপ্ত হইয়াছেন।

সোডিয়াম্ ট্যানেট (Sodium Tannate) ১০—২০ গ্রেণ মাত্রা।

চিকিৎসা বিষযক টীকা।

প্রবল ব্রাইট্স্ পীডার চিকিৎসায় যাহাতে (১) প্রদাহের হ্রাস এবং (২) মূত্রযন্ত্র হইতে প্রদাহ জনিত পদার্থ বহির্গত হয় তৎপক্ষে যত্নবান হওয়া উচিত।

প্রথম উদ্দেশ্য সাধন জন্য জলৌকা দ্বারা বক্ত মোক্ষন, শুষ্ক কপিং, গরমজলেব স্বেদ, পোল্টিস্, টিং আইওডিন্ প্রয়োগ, ক্রোটন অয়েল মর্দ্দন ইত্যাদি উপায় অবলম্বন কবা কর্ত্তব্য।

প্রদাহ জনিত পদার্থ দূবীকরণ জন্য মূত্রকারক ঔষধই আমাদের প্রধান উপায়। মূত্রকারক ঔষধের মধ্যে ডিজিটেলিস সর্ব্ব প্রধান। ইহার তিন প্রকার প্রয়োগরূপ যথা—টিং ডিজিটেলিস্ ৫—৩০ মিনিম মাত্রায়, পাল্ভ ডিজিটেলিস ১—২ গ্রেণ মাত্রায়, এবং ইন্‌ফিউশন্ ডিজিটেলিস ১—৪ ড্রাম মাত্রায় সচরাচর ব্যবহৃত হয়।

টিং ডিজিটেলিস্ বা ইন্‌ফিউশন্ ডিজিটেলিস সহ পটাশ সাইট্রাস, স্পিরিট ইথার নাইট্রিক এবং টিং ফেরি পারক্লোরাইড্ ব্যবহার করা উচিত।

কখন কখন ক্যাফিন এবং ষ্ট্রোফ্যান্থাস ব্যবহারে ডিজিটেলিস্ অপেক্ষা অধিক ফল পাওয়া যায়।

মূত্রকারক ঔষধ দ্বারা কোন উপকার না হইলে বিবেচক ঔষধ যথা—পাল্ভ জ্যালাপ কোং (২০—৬০ গ্রেণ মাত্রায়) বা ইলেটেরিয়াম্ (১/১৬—১/২ গ্রেণ মাত্রায়) এবং ঘর্ম্ম কারক ঔষধ যথা—লাইকর এমনি এসিটেটিস, ভাইনম্ এণ্টিমনি, পাইল-কার্পিন, উষ্ণবায়ু বা উষ্ণ বাস্পস্বেদ ব্যবহারে ফল দর্শে।

পীড়িত অবস্থায় যাহাতে ত্বকের ক্রিয়া বৃদ্ধি হয় এবং কোষ্ঠ বদ্ধতা না জন্মে তদ্বিষয়ে দৃষ্টি রাখা উচিত।

শোথ হইলে এসিড টার্টারেট অব পটাশ, অয়েল জুনিপার এবং ডিককশন স্কোপেরিয়াই সেবনে উপকার দৃষ্ট হয়।

এল্‌বিউমেন্ বহির্গমনের হ্রাস জন্য গ্যালিক এসিড্, আর্গট, হাইড্রক্লোরেট অব্ রোসানিলিন এবং বেলাডনা ফলপ্রদ।

পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ বর্ত্তমান থাকিলে বিশমথ, সোডা এবং রুবার্ব্ব ব্যবহার্য্য।

বমন হইতে থাকিলে পাকাশয়ের উপর মাষ্টার্ড প্ল্যাষ্টার প্রয়োগ এবং অল্প মাত্রায় হাইড্রসায়েনিক এসিড ডিল্ সেবন ফলদায়ক।

উদরাময় হইলে প্রথমতঃ বন্ধকরা উচিত নহে কিন্তু উহা স্থায়ী হইলে ধারক ঔষধ ব্যবহার করা কর্ত্তব্য।

অন্ত্রাবরণ প্রদাহ বর্ত্তমান থাকিলে ওপিয়াম এবং গরম জলের স্বেদ বিশেষ উপকারী।

রক্তস্রাব নিবারণ জন্য ফেরি পারনাইট্রেটিস্, আর্গট, আর্গটিন, গ্যালিক এসিড্ বা এসিটেট অব্ লেড্ ব্যবস্থা করা উচিত।

কিন্তু অনেক সময় আর্গটিন ত্বকনিম্নে প্রয়োগ করিলে সন্তোষ জনক ফল পাওয়া যায়।

হৃদ্‌পিণ্ডের অবসাদন জন্য কখন কখন নাইট্রেট অব্ এমিল এবং নাইট্রগ্লিসারিন্ ব্যবহার হয়।

শিরঃপীড়া নিবারণ জন্য কুইনাইন, লৌহ ঘটিত ঔষধ এবং শৈত্য প্রয়োগ বিশেষ উপকারী।

ইউরিমিয়া হইলে মূত্রযন্ত্রোপরি শুষ্ক কপিং প্রয়োগ, উষ্ণবায়ু স্বেদ এবং বিরেচক ঔষধ ব্যবহার্য্য। কেহ কেহ পাইলকার্পিন ত্বক নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করেন।

কন্‌ভাল্‌সন্ বা আক্ষেপ হইলে পটাশ অথবা সোডা ব্রোমাইড বিশেষ প্রয়োজনীয়।

চক্ষু আক্রান্ত হইলে পটাশ আইওডাইড একটী উত্তম ঔষধ।

১।	টিং ডিজিটেলিস	..	½ ঔন্স।
	— সিলা	...	১½ ঔন্স।
	স্পিরিট ইথার নাইট্রিক	...	২ ঔন্স।

১ ঔন্স জল সহ ১ ড্রাম মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ হেন্‌রি, বি, মিলার্ড)

২।	পটাশ সাইট্রাস	... ...	১ ড্রাম।
	লাইকর এমনি এসিটেটিস	...	১½ ঔন্স।
	স্পিরিট এমনি এরোমেটিক	...	২ ড্রাম।
	— ইথার নাইট্রিক	...	৩ ড্রাম।
	একোয়া	... সমষ্টি	৬ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন ঘণ্টান্তর সেব্য। (ডাঃ ট্যা-

৩। স্পিরিট ইথার নাইট্রিক ২—৩ ড্রাম।
পটাশ এসিটাস ... ½ ড্রাম।
ইন্‌ফিউশন্ ডিজিটেলিস ... ... ১½ ঔন্স।
২ ড্রাম মাত্রায় প্রত্যেক ৪।৬ ঘণ্টান্তর সেব্য।
(প্রঃ টি, গ্রেঞ্জার ষ্টুয়ার্ট)

৪। স্পিরিট ইথার নাইট্রিক ২—৩ ড্রাম।
টিং ফেরি পারক্লোরাইড্ ... ১ ড্রাম
— ডিজিটেলিস .. ½—১ ড্রাম।
একোয়া .. ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৫। পাল্‌ভ জ্যালাপ কোং ... ৪০—৬০ গ্রেণ।
এক পুরিয়া রাত্রিতে শয়নকালে সেব্য।
অথবা ইলেটিরিয়াম ... ⅟₁₆—½ গ্রেণ।
একমাত্রা রাত্রিতে শয়নকালে সেব্য।

৬। স্পিরিট জুনিপার ... ২ ড্রাম।
পটাশ টার্ট্রাস্ এসিডা ... ... ৪ ড্রাম।
ডিককৃশন্ স্কোপেরিয়াই ... ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। মূত্রকারক এবং মৃদু বিরেচনের জন্য বিশেষ উপযোগী। (ডাঃ ট্যানার)

কোষ্টবদ্ধতা নিবারণ জন্য।

৭। মেগ্‌নেশিয়া সাল্‌ফ .. .. ১½ ঔন্স।
— কার্ব্ব ... ... ২ ড্রাম।
একোয়া মেন্থপিপ্ ... ... ৪ ঔন্স।
ঔন্স মাত্রায় প্রাতে এবং সন্ধ্যাকালে সেব্য। (ঐ)

৮। পাল্‌ভ জ্যালাপ কোং ... ৩০—৬০ গ্রেণ।
সিরাপ সেনা ... ... ১ ড্রাম।
একোয়া ক্যাম্ফর .. ... ১ ঔন্স।
একমাত্রা, প্রাতঃকালে সেব্য। (ঐ)

৯। লাইকর এমনি এসিটেটিস . ৯ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ৪ ড্রাম।
ইলেটিরিয়াম ... .. ১ গ্রেণ।
সিরাপ জিঞ্জার ... ৩ ড্রাম।
দাস্ত না হওয়া পর্য্যন্ত ২ ড্রাম মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য।

জল সঞ্চিত হইলে।

১০। পাল্‌ভ সিলি .. . ৬ গ্রেণ।
— ডিজিটেলিস ... ৬—১২ গ্রেণ।
পিল হাইড্রার্জাইরাই ... ৩০ গ্রেণ।
১২ বটীকা, প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে ২ বটীকা সেব্য।
(ডাঃ ট্যানার)

১১। পটাশ এসিটাস ... . ১ ড্রাম।
সিরাপ সিলি .. ... ৬ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ৩ ড্রাম।
টিং ডিজিটেলিস্‌ ... ... ৩০ মিনিম।
ডিককৃশন্‌ স্কোপেরিয়াই ... . ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১২। লাইকর এমনি এসিটেটিস্‌ ... ১ ঔন্স।
পটাশ এসিটাস্‌ .. ... ১ ড্রাম।

টিং সিলি ... ... ২ ড্রাম।
টিং ডিজিটেলিস ... .. ½ ড্রাম।
ডিককৃশন্ স্কোপেরিয়াই ... সমষ্টি ৬ ঔন্স।

১ ঔন্স মাত্রা, প্রত্যেক ৪।৬।৮ ঘণ্টান্তর সেব্য।

১৩। ইলেটিরিযাই ... ১ গ্রেণ।
পাল্‌ভ ডিজিটেলিস ২—৪ গ্রেণ।
একষ্ট্রাক্ট জেন্‌শিযান ... ১২ গ্রেণ।

৪ বটীকা, প্রত্যহ রাত্রিতে ১ বটীকা সেব্য। (ডাঃ ট্যানার)

১৪। সাইট্রেট অব্ ক্যাফিনের গ্র্যানিউলার
এফার্ভেসেণ্ট .. ... ১ ড্রাম।
টিং ষ্ট্রোফ্যান্থাস্ ... ৩—৫ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

এল্‌বিউমেন হ্রাস জন্য।

১৫। টিং ফেরি পারক্লোরাইড্ ... ৮০ মিনিম।
ইন্‌ফিউশন্ ডিজিটেলিস .. ... ২ ঔন্স।
একোয়া ক্যাম্ফর ... সমষ্টি ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। মূত্র যন্ত্র সম্বন্ধীয় শোথে ব্যবহার্য্য। (ডাঃ ট্যানার)

১৬। টিং ফেরি পারক্লোরাইড্ . ১½—২ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... ... ৩ ড্রাম।
গ্লিসারিন ১ ঔন্স।
একোয়া ... সমষ্টি ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

১৭। ক্রিওলিন ... ... ৬ ড্রাম।
গ্লিসারিন ... ... ৬ ড্রাম।
একোয়া অবস্লোই ফ্লোরিস্ ... ৬ ঔন্স।
মিউসিলেজ ট্র্যাগাকান্থ ... ... ৬ ড্রাম।

এক ড্রাম মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। (ডাঃ টি. এইচ, উড্স

বমন নিবারণ জন্য।

১৮। এসিড্ হাইড্রসায়েনিক ডিল্ ১৫—২০ মিনিম।
স্পিরিট ক্লোরফরম ... ১—২ ড্রাম।
একোয়া ... ... ৬ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য।

Chronic Bright's Disease.

(ক্রনিক ব্রাইটস্ ডিজিজ)।

পুরাতন ব্রাইটস্ পীড়া।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ বেঞ্জোইক, একোনাইট, আর্সেনিক, ক্যানাবিশ ইণ্ডিকা, ডিজিটেলিস, ইলেটিরিয়াম, ফেরি পারক্লোরাইড্ টিং, গ্যালিক এসিড, গোয়েকাম, ইপিকাক, পটাশ আইওডাইড্, স্কোপেরিয়াই।

নূতন ঔষধ।

অরাই ক্লোরাইড্ (Aurii Chloride) $\frac{1}{30}$—$\frac{1}{10}$ গ্রেণ মাত্রা, দানাময় এবং সূত্রবৎ মূত্রযন্ত্রে ব্যবহার্য্য।

ক্যাফিন (Caffeine) ২—৫ গ্রেণ মাত্রা, মূত্রকারক।

চিমাফাইলা (Chimaphila) ডিককৃশন্ ১—২ ঔন্স মাত্রা, মূত্রকারক।

জেবরাণ্ডি (Jaborandi) টিং ৩০—৬০ মিনিম মাত্রা, ঘর্ম্ম-কারক।

পাইলকার্পিন নাইট্রাস অথবা হাইড্রক্লোরাস্ (Pilocarpine Nitras) ১/২০—১/২ গ্রেণ মাত্রা, ঘর্ম্মকারক।

ষ্ট্রোফ্যান্থাস (Strophanthus) টিং ২—১০ মিনিম মাত্রা, মূত্রকাবক।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে অতিরিক্ত মদ্যপান নিষিদ্ধ। গাত্র কখন অনাবৃত বাখা উচিত নহে। সর্ব্বদাই ফ্ল্যানেলের পিরান ইত্যাদি দ্বারা আবৃত রাখা কর্ত্তব্য।

যাহাতে ত্বকের ক্রিয়া বৃদ্ধি হয় এরূপ উপায় অবলম্বন করা বিধেয় যথা—উষ্ণ জলে স্নান, গাত্র মার্জ্জন, উষ্ণবায়ু সেবন, টার্কিশ বাথ এবং যথাসাধ্য শারীরিক পরিশ্রম।

সহজে পরিপাক হয় এরূপ পথ্য আহার এবং অধিক পরি-মাণে দুগ্ধ পান করা উচিত। সর্ব্বদা কোষ্ঠ পরিষ্কার রাখা কর্ত্তব্য। কোষ্ঠ বদ্ধতার জন্য জ্যালাপ, এসিড্ টার্টারেট অব্ পটাশ, ইলেটিরিয়াম এবং লাবনিক বিরেচক বিশেষ উপকারী।

দৈহিক ও রক্তের অবস্থা উন্নতির জন্য টিং ফেরি পারক্লোরাইড্, ফেরি কার্ব্ব সেকারেটা, ফেরি রিডাক্টাই, ফেরি এট্ এমনি সাইট্রাস, সিরাপ ফেরি আইওডাইড্ এবং ফেরি এট্ কুইনি সাইট্রাস বিশেষ উপযোগী।

ড্রপ্সি বা শোথ নিবারণ জন্য মূত্রকারক ঔষধ পটাশ এসি-টাস, পটাশ বাইটার্ট্রাস, পটাশ নাইট্রাস, সিলি, জুনিপার,

স্কোপেরিয়াই অতীব ফলদায়ক। কিন্তু হৃদ্‌পিণ্ডের শোথে ডিজি-টেলিস এবং ক্যাফিন উপরোক্ত ঔষধ অপেক্ষা উপকারী।

ঘর্ম্ম বৃদ্ধি করিয়া শোথ নিবারণের জন্য কখন কখন জেবরাণ্ডি এবং ত্বক নিম্নে পাইলকার্পিনেব পিচকারী ব্যবহৃত হয়।

সিবোর্টিক বা দানাময় মূত্রযন্ত্রের অবস্থায় আর্সেনিক এবং পটাশ আইওডাইড ব্যবহাবে উপকাবীতা দৃষ্ট হয়।

ওয়াক্সি বা মোমেব ন্যায় মূত্রযন্ত্রের অবস্থায় টিং ফেরি পার-ক্লোরাইড্, আয়বণ, নক্সভমিকা এবং কুইনাইন প্রয়োজনীয়।

১। লাইকব এমনি এসিটেটিস ৩ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রিক .. ২০ মিনিম।
সিবাপ টলু ... .. ২৪ মিনিম।
টিং ডিজিটেলিস ... ... ৩ মিনিম।
একোয়া ক্যাম্ফব ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। এবং

ডোভার্স পাউডার .. ... ৩ গ্রেণ।
পটাশ নাইট্রাস ... ... ৫ গ্রেণ।

এক পুরিয়া, বাত্রিতে শযনকালে সেব্য।

(জে, এম, ডেকষ্টা এম, ডি, ফিলাডেল্‌ফিয়া)

২। লাইকব এমনি এসিটেটিস ... ২ ড্রাম।
পটাশ আইওডাইড .. ... ৫ গ্রেণ।
সিরাপ সিলি ... ১ ড্রাম।
টিং ডিজিটেলিস ... .. ৫ মিনিম।
একোয়া .. ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (ডাঃ এম, এন্ ব্যাস্‌কেল্)

৩। পটাশ আইওডাইড ... .. ৫ গ্রেণ।
সোডি ফস্ফাস ... ... ১০ গ্রেণ।
— ক্লোরাইড্ .. ... ১০ গ্রেণ।
একোয়া .. ... ১½ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (সিমোলা)

৪। টিং ফেরি পারক্লোরাইড .. ১০ মিনিম।
— নক্সভমিকা . ... ১০ মিনিম।
স্পিরিট ইথার নাইট্রিক ½—১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

৫। স্পিরিট ক্লোরফরম ... . ১ ড্রাম।
পটাশ আইওডাইড .. ... ৩০ গ্রেণ।
ইন্‌ফিউশন্ সিঙ্কোনা ফ্লেবা ... ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ ট্যানার)

৬। সিরাপ ফেরি আইওডাইড ... ৪ ড্রাম।
মিউসিলেজ ট্র্যাগাকান্থ . ১ ঔন্স।
কড্‌লিভার অয়েল ... ... ৪½ ঔন্স।
আহারান্তে দুগ্ধসহ ২—৪ ড্রাম মাত্রায় সেব্য। (ঐ)

৭। টিং ডিজিটেলিস ... ... ১০ মিনিম।
সলিউশন নাইট্রগ্লিসারিন ... ১ মিনিম।
একোয়া ক্লোরফরম ... .. ৪ ড্রাম।
একমাত্রা, পুরাতন ব্রাইট্‌স্ পীড়ায় হৃদ্‌পিণ্ড অবসন্ন হইলে প্রত্যহ তিনমাত্রা সেব্য। (মেডিক্যাল এনিউয়্যাল)

৮। পটাশ এসিটাস ... ... ১০ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ২০ মিনিম।
সিরাপ সিলি ... ... ১ ড্রাম।
টিং ষ্ট্রোফ্যান্থাস ... ২—৫ মিনিম।
ডিকক্শন্ স্কোপেরিযাই .. ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(ডাঃ এইচ্, বি, মিলার্ড)

৯। স্পিরিট ইথার নাইট্রিক ২০—৩০ মিনিম।
ডিকক্শন স্কোপেরিযাই ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ বার্লো)

১০। পাল্‌ভ ডিজিটেলিস ... ১—২ গ্রেণ।
পটাশ বাইটার্ট ... ১—২ ড্রাম।

এক পুরিযা, প্রত্যহ তিন পুরিয়া সেব্য। (ডাঃ রাইট)

১১। ইলেটিরিযাম ... ... ১ গ্রেণ।
পাল্‌ভ ক্যাপ্‌সিসাই ... ৯ গ্রেণ।
হাইড্রার্জাইরাই সাব্‌ক্লোরাইড্ ... ১২ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস .. ১৮ গ্রেণ।

১২ বটীকা, রাত্রিতে শয়নকালে ২ বটীকা সেব্য।

(প্রঃ নিমায়ার)

১২। পটাশ বাইটার্ট . . ১ ড্রাম।
পাল্‌ভ জ্যালাপ ... ... ৮ গ্রেণ।

এক পুরিয়া রাত্রিতে শয়নকালে সেব্য।

(ডাঃ এম, এন, ব্যাস্‌কেল্)

১৩। পাল্‌ভ সিলি ... ... ১২ গ্রেণ।
— ডিজিটেলিস ... .. ১২ গ্রেণ।
— স্কামনি ... .. ১২ গ্রেণ।
১২ বটীকা, প্রত্যহ ৩।৪ বটীকা সেব্য। (ডাঃ ট্যানার)

১৪। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড্ ... ২৪ গ্রেণ।
পাল্‌ভ ডিজিটেলিস . .. ১ গ্রেণ।
কুইনি সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
এক পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য।

১৫। পাইলকার্পিন মিউরাস .. ১ গ্রেণ।
দুগ্ধ শর্করা ... .. ১০ গ্রেণ।
১০ পুরিয়া, ইউরিমিক্ কোমার জন্য বিপদাশঙ্কা হইলে প্রত্যহ তিন পুরিয়া সেব্য।

(ডাঃ এম, এন, ব্যাস্‌কেল আমেরিকা)

১৬। ফেরি সাল্‌ফ ... ... ৬৫ গ্রেণ।
সোডি বাইকার্ব্ব ... ... ৬৫ গ্রেণ।
একৃষ্ট্রাক্ট ট্যাবাক্সিসাই .. ... যথা প্রয়োজন।
৬০ বটীকা, ২ বটীকা প্রাতে এবং ২ বটীকা সন্ধ্যাকালে সেব্য।
(এলফ্রেড্, এল, লুমিস্ এম, ডি, নিউইয়র্ক)

১৭। ফেরি এট্ এমনি সাইট্রাস ৫—১০ গ্রেণ।
ভাইনম্ পেপ্‌সিন ... . ১ ড্রাম।
এঁকোয়া ... সমষ্টি ২ ঔন্স।
একমাত্রা, আহারান্তে প্রত্যহ দুই মাত্রা সেব্য।
(প্রঃ গ্রেঞ্জার ষ্টুয়ার্ট)

১৮। ফেরি এট্ কুইনি সাইট্রাস ... ৫ গ্রেণ।
টিং ডিজিটেলিস .. ... ৫ মিনিম।
স্পিরিট ক্লোরফরম ... ১০—২০ মিনিম।
ইন্‌ফিউশন কলম্বা ... .. ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

Chyluria.

(কাইলিউরিয়া) কাইলস ইউরিন।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ বেঞ্জোইক, এসিড্ গ্যালিক, ফেরি পারক্লোরাইড্ টিং, পটাশ আইওডাইড্।

নূতন ঔষধ।

রিজোফোরা রেসিমোসা বা ম্যান্‌গ্রোভ (Rhizophora Racemosa) ডিককশন্ ১—২ ঔন্স মাত্রা।

নিগেলা স্যাটাইভা (Nigella Sativa) ডিককশন্ ১—২ ঔন্স মাত্রা।

চিকিৎসা বিষয়ক টীকা।

কোন ঔষধে এইরোগ একেবারে আরোগ্য হইয়াছে এরূপ দেখা যায় নাই। তবে কোন কোন ঔষধে রোগের উপশম হইয়াছে মাত্র।

আভ্যন্তরিক ঔষধের মধ্যে এসিড্ গ্যালিক ১০।১৫ গ্রেণ মাত্রায় টিং ফেরি পারক্লোরাইড্ ১০।১৫ মিনিম মাত্রায় এবং পটাশ আইওডাইড ৫ গ্রেণ মাত্রায় সেবনে অনেক সময় উপকার দৃষ্ট হইয়াছে।

গায়েনা প্রদেশে ম্যান্‌গ্রোভের ডিককৃশন্‌ এইরোগেব জন্য ব্যবহৃত হয়। ভাবতবর্ষে অনেকে নিগেলা স্যাটাইভা ব্যবহাব করিয়া থাকেন।

কখন বেঞ্জোইক এসিড গ্লিসাবিন সহ ব্যবহাবে উপকাব দর্শিয়াছে।

১।	এসিড্‌ গ্যালিক	...	১০—২০ গ্রেণ।
	— সাল্‌ফ এবোমেটিক	...	১৫ মিনিম।
	মিউসিলেজ	... ...	১ ড্রাম।
	একোয়া	...	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

২।	টিং ফেবি পাবক্লোবাইড		১০—১৫ মিনিম।
	সিবাপ অবেন্সাই	... ...	১ ড্রাম।
	একোয়া	..	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তব সেব্য।

৩।	পটাশ আইওডাইড	... ...	২০ গ্রেণ।
	সিবাপ এল্‌থি	.. ...	১ ড্রাম।
	একোয়া	... ...	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

৪।	এসিড্‌ বেঞ্জোইক	.. ..	৫ গ্রেণ।
	গ্লিসাবিন	...	যথা প্রয়োজন।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেবা।

(ডাঃ লুঙ্কা এবং ম্যান্‌সন্‌)

Diabetes Insipidus, Polyuria, Polydipsia.

(ডায়বিটিস ইন্সিপিডাস, পলিইউরিয়া, পলিডিপ্‌সিয়া) বহুমূত্র।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এট্রোপিয়া, বেলাডনা, ক্রিযেজোট, আর্গট, গ্যালিক এসিড্, নাইট্রিক এসিড্, ওপিয়াম, ভেলেবিযান।

নূতন ঔষধ।

এণ্টিপাইবিন (Antipyrın) ৪—৩০ গ্রেণ মাত্রা।

অরাই ক্লোরাইডম্ (Aurii Chlorıdum) $\frac{১}{৬৪}$—$\frac{১}{১৬}$ গ্রেণ মাত্রা।

রস এরোমেটিকা (Rhus Aromatica) লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট ½—১ ড্রাম মাত্রায় শববৎ সহ প্রত্যহ তিনবাব সেব্য। আমেরিকাব অনেক চিকিৎসক বহুমূত্রে ইহাব প্রশংসা কবেন।

চিকিৎসা বিষয়ক টীকা।

সুপ্রসিদ্ধ চিকিৎসক ট্রুসো এই বোগে ভেলেবিয়ানেব অত্যন্ত প্রশংসা কবিয়াছেন। এক্‌ষ্ট্রাক্ট ভেলেবিযানই অত্যন্ত উপকারী বলিযাছেন, এবং সেই জন্য অনেকে এক্‌ষ্ট্রাক্ট ব্যবহাব কবেন।

অন্যান্য ঔষধেব মধ্যে আর্গট, আর্গটিন, পটাশ আইওডাইড, বেলাডনা, ফিনাজোন এবং ভেলেবিয়ানেট অব্ জিঙ্ক্ বিশেষরূপে প্রশংসিত।

পিপাসা নিবাবণের জন্য অম্ল সংযুক্ত পানীয় অতীব ফলদায়ক।

অনেক সময় ঘর্ম্মকারক ঔষধ ব্যবহাবে মূত্রের পরিমাণের হ্রাস হয়।

দৈহিক অবস্থার উন্নতিব জন্য বলকারক ঔষধ যথা ষ্ট্রিক্‌নিয়া এবং লৌহঘটিত ঔষধ বিশেষ উপকারী।

১। একৃষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ১ ড্রাম।
একোয়া অরেন্সাই ফ্লোরিস ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(ডাঃ জে, এম, ডেকষ্টা)

২। এসিড গ্যালিক ... ... ১৫ গ্রেণ।
মিউসিলেজ একেশিযা ... ... ১ ড্রাম।
সিনামন্ ওয়াটাব ... ... ১ ঔন্স।
একমাত্রা, দিবসে চারিবাব। (ডাঃ জেমস্ টাইসন)

৩। এণ্টিপাইবিন্ ৫—১০ গ্রেণ।
সোডা বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
এক পুবিযা, দিবসে তিন চাবি পুবিযা।

(ডাঃ ওপিজ, ড্রেস্‌ডেন)

৪। একৃষ্ট্রাক্ট ভ্যালেবিয়ানা ... ... ১৫ গ্রেণ।
সিবাপ ... ... ১ ড্রাম।
একোযা . ... ১ ঔন্স।
একমাত্রা, দিবসে তিনবাব সেব্য (প্রঃ ট্রুসো)

৫। এসিড্ নাইট্রিক ডিল্ ১০ – ১৫ মিনিম।
সিবাপ ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, দিবসে তিন চাবিবাব সেব্য।

(ডাঃ হেন্‌বি কেনেডি)

Diabetes Mellitus.

(ডায়াবিটিস মেলিটাস। সশর্কর মূত্র।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এমনিয়া কার্ব্বনাস, এমনিয়া সাইট্রাস, এমনিয়া ফস্ফাস্, আর্সেনিকাম, বেলাডনা, কার্ব্বলিক এসিড্, ক্রিয়েজোট, ক্রোটন ক্লোবাল, কুপ্রাম, ফেবাম্, গ্লিসারিন, হাইড্রজেন পারক্সাইড্ম্, আইডফরম্, ল্যাকটিক এসিড, নক্সভমিকা, ওপিয়াম, ফস্ফরিক এসিড, পটাশ ব্রোমাইড্, পটাশ আইওডাইড, সোডিয়াই সাইট্রাস, ষ্ট্রিক্নিয়া।

নূতন ঔষধ।

এণ্টিপাইরিন (Antipyrin) ৪—৩০ গ্রেণ মাত্রা।

ক্যাল্সিয়াই সাল্ফাইড্ (Calcii Sulphide) ১/২০—১ গ্রেণ মাত্রা, ডাঃ রিঙ্গাব ১/৮ গ্রেণ মাত্রায় ব্যবহাব কবেন।

কোডিনা (Codeina) ১/৪—২ গ্রেণ মাত্রা, ডাঃ পোভি ওপিয়ম এবং মর্ফিয়া অপেক্ষা কোডিনা ভাল মনে কবেন।

জেবরাণ্ডি (Jaborandi) টিং ৩০—৬০ মিনিম মাত্রা, ডাঃ ল্যানয় ইহা ব্যবহার কবিযা উপকাব পাইয়াছেন।

পাইলকার্পিন মিউবিয়াস (Pilocarpine Murias) ১/৮—১/২ গ্রেণ মাত্রা. ডাঃ ল্যানয় ইহা ব্যবহারে উপকার প্রাপ্ত হইয়াছেন।

জম্বুল সিড্স্ (Jumbul Seeds) ৫—২০ গ্রেণ মাত্রা, ভারতবর্ষে ব্যবহার হয়।

স্যাকারিন (Saccharin) ১/২—২ গ্রেণ মাত্রা, শর্করার পরিবর্ত্তে ব্যবহার হয়।

সোডিয়াই সেলিসিলাস (Sodii Salicylas) ১০—৩০ গ্রেণ মাত্রা, বার্লিনের ডাঃ মুলাব এবং ওযার্ণাব ইহার অত্যন্ত প্রশংসা করেন।

ইউরেনিযাম নাইট্রেট (Uranium Nitrate) ১—৫ গ্রেণ মাত্রা, ডাঃ স্যামুয়েল ওয়েষ্ট ইহাব প্রশংসা কবেন।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে পথ্য সম্বন্ধে কতকগুলি নিযম প্রতিপালন কবা নিতান্ত আবশ্যক। এদেশে যদিও অন্ন প্রধান আহারীয় বস্তু তত্রাচ তাহা পবিত্যাগ কবিতে পাবিলেই ভাল।

অন্নের পবিবর্ত্তে ভূষিব রুটী বা নিতান্ত পক্ষে আটাব রুটী, মৎসা ও মাংস আহাব কবা উচিত।

যে সকল আহাবীয পদার্থে ষ্টার্চ বা শর্করা আছে যথা—চাউল, ময়দা রুটী, গোলআলু, মটর, ছোলা, শিম, বর্ব্বটি, গাজব, শালগম, এবারুট, সাগুদানা, কাঁকড়াব কোমলাংশ প্রভৃতি সম্পূর্ণরূপে পরিত্যাগ কবা কর্ত্তব্য।

আটাব রুটী বা ভূষিব রুটী, মাথন, ডিম, মাংসের ঝোল এবং উদ্ভিজ্জেব মধ্যে বাঁধা কপী, ফুলকপী, পটোল ইত্যাদি ব্যবস্থা কবা যাইতে পাবে।

দুগ্ধে শর্করা আছে বলিযা অনেকে দুগ্ধ পান কবিতে নিষেধ কবেন, কিন্তু ডাঃ ডন্‌কিন্ কেবল মাথন তোলা দুগ্ধ পথ্য দিয়া অনেক রোগী আবোগ্য কবিযাছেন। সুতরাং এ বিষয়ে মতভেদ থাকিলেও অল্প পবিমাণে দুগ্ধ সোডাওযাটাব বা চুনের জলের সহিত দেওযা যাইতে পারে।

এলকোহল্ ঘটিত উত্তেজক ঔবধ প্রায়ই নিষিদ্ধ, কিন্তু ড্রাই সেরি, এল্, বর্গণ্ডি, ব্রাণ্ডি বা হুইস্কি অল্পমাত্রায় ব্যবহারে বিশেষ অপকার দেখা যায় না।

চা বা কফি শর্কবা ব্যতিরেকে দেওয়া যায়, কিন্তু সুমিষ্ট করিবার জন্য স্যাকাবিন অল্প মাত্রায় ব্যবহার কবা যাইতে পারে। ঈষৎ উষ্ণ জল পান কবাই ভাল।

ঔষধেব মধ্যে ওপিয়মই সর্ব্বপ্রধান। কেহ কেহ পূর্ণমাত্রায় সেবন কবিতে পাবেন কিন্তু কাহাবও পক্ষে অতি অল্প মাত্রায ওপিয়ম সহ্য হয় না। ওপিযমেব বীর্য্যেব মধ্যে মর্ফিয়া ও কোডিন বিশেষ উপকাবী। গ্রন্থকর্ত্তা মর্ফিযা অপেক্ষা কোডিনকে ভাল বলেন।

উপবোক্ত ঔষধ ব্যতিবেকে ক্ষাব ঔষধেও অনেক সময় উপকার দর্শে। প্রঃ ক্যান্টানি ল্যাক্‌টিক্ এসিডেব বিশেষ পক্ষপাতী।

পিপাসা নিবাবণেব জন্য ক্রিম্ অব্ টার্টাব, সাইট্রেট্ এবং বাইকার্ব্বনেট অব্ পটাশ ব্যবহার্য্য।

কোষ্ঠ বদ্ধতাব জন্য মৃদুবিবেচক, ধাতব জল, ক্যাষ্টব অয়েল এবং ক্ষাব সংযুক্ত বিবেচক ঔষধ ব্যবহাব কবা কর্ত্তব্য।

অনেক সময লৌহ ঘটিত ঔষধ সহ ফস্‌ফবাস্ সেবনে সন্তোষজনক ফল পাওযা যায।

ভাবতবর্ষে জামেব বিচিব গুঁড়া অনেকে ব্যবহার করিয়া থাকেন। উহা সেবনে মূত্র শর্কবাব পবিমাণ কম হইতে দেখা গিয়াছে।

অন্যান্য ঔষধের মধ্যে ষ্ট্রিক্‌নিযা, আয়রণ এবং কড্‌লিভার অযেল বিশেষ ফলদায়ক।

১। পাল্‌ভ ওপিয়াই ... ½—২ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। মাত্রা ক্রমশঃ ৬ গ্রেণ পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে।

২। ডোভার্স পাউডার ... ... ১০ গ্রেণ।

এক পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য।

৩। কোডিন ... ১/২—২ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। মাত্রা ১/২ গ্রেণ হইতে ক্রমশঃ ২ গ্রেণ বৃদ্ধি করা উচিত।

৪। এসিড্‌ ট্যানিক .. · ৫ গ্রেণ।

পাল্‌ভ ওপিয়াই ... ·· ১/২ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা আহারের মধ্যবর্ত্তী সময়ে সেব্য। (প্রঃ এস্‌, ডি, গ্রস্‌ এম,ডি, ফিলাডেল্‌ফিয়া)

৫। ক্রোটন ক্লোরাল .. ... ১/২ গ্রেণ।

ওপিয়াই .. ... ১ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট এলোজ বার্ব্বাডেন্সিস্‌ ... ১/৬ গ্রেণ।

— জেন্‌শিয়ান ... ... ১১/২ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ হার্লী)

৬। ডাম্বল পাল্‌ভ · ৫—২০ গ্রেণ।

এক পুরিয়া, প্রত্যহ ৩।৪ পুরিয়া সেব্য।

৭। ক্রোটন ক্লোরাল ... ... ১/২ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট নক্সভমিকা ... . ১/৪ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ হার্লী)

৮। এসিড ট্যানিক ... ... ৫ গ্রেণ।

পাল্‌ভ ওপিয়াই ... ... ১ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ১/২ ড্রাম।

মিউসিলেজ ... ... ১ ড্রাম।

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (প্রঃ এস্, ডি, গ্রস্)

৯। এণ্টিমনি সাল্‌ফিউরেট্ .. .. ২০ গ্রেণ।
পাল্‌ভ ডোভারিস ... .. ৪০ গ্রেণ।
এমন কার্ব্ব ... ... ১ ড্রাম।
পাল্‌ভ ওপিয়াই ... ... ১০ গ্রেণ।

২০ পুরিয়া, প্রত্যহ প্রাতে এবং রাত্রিকালে ২ পুরিয়া সেব্য। (ডি, আই, হগ্)

১০। এমন কার্ব্ব .. . ৫ গ্রেণ।
টিং ওপিয়াই .. ৫ মিনিম।
ইন্‌ফিউশন্ জেন্‌শিয়ান কোং ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ বার্লো)

১১। এণ্টিপাইরিন .. ... ১০ গ্রেণ।
সোডা বাইকার্ব্ব . ... ১০ গ্রেণ।

এক পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য। (ডাঃ স্যাফি)

১২। এমনিয়াই ফস্ফেটিস্ ... . ৫ গ্রেণ।
এমন কার্ব্ব ... ... ৫ গ্রেণ।
স্পিরিট এমন এরোমেটিক ১৫—২০ মিনিম।
একোয়া ... ১ ঔন্স।

একমাত্রা, ইহাতে কিঞ্চিৎ লিমন জুস অর্থাৎ লেবুর রস মিশ্রিত করিয়া প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ বেশাম)

১৩। সিরাপ ক্যাল্‌সিয়াই ল্যাক্টোফস্ফাস ... ৪ ঔন্স।
লাইকর পটাশি আর্সেনিয়াট ... ১ ঔন্স।

২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ স্যাফি)

১৪। টিং ফেরি পারক্লোরাইড্ ... ৬ ড্রাম।
এসিড্ নাইট্রমিউরিয়াটিক ডিল ... ৮০ মিনিম।
২০ মিনিম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য। (ডাঃ স্যাফি)

১৫। গ্লিসারিন ৬—৮ ড্রাম।
এসিড সাইট্রিক ... .. ১½ ড্রাম।
একোয়া ... ... ২ পাইণ্ট।
পিপাসা নিবারণের জন্য মধ্যে মধ্যে পান করিতে হইবে।

১৬। পাইলকার্পিন নাইট্রাস ... ৩ গ্রেণ।
প্রুফ্ স্পিরিট .. ১ ড্রাম।
একোয়া ... সমষ্টি ½ ঔন্স।
অত্যন্ত পিপাসা নিবারণের জন্য ৪।৫ মিনিম মাত্রায় প্রত্যহ ২।৩ বার জিহ্বার উপর প্রযোজ্য। (ডাঃ হার্লী)

১৭। এসিড্ ল্যাক্টিক্ .. ... ২ ড্রাম।
একোয়া ... ... ১০ ঔন্স।
আবশ্যক মত ২ ঔন্স মাত্রায় সেব্য।
(ডাঃ জি, ডব্লিউ, ব্যাল্‌ফোর)

১৮। সোডি স্যালিসিলাস ... ১০—২০ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ১৫—২০ মিনিম।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

১৯। ইউরেনিয়াম নাইট্রেট ... ১—৫ গ্রেণ।
একোয়া ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ স্যামুয়েল ওয়েষ্ট)

২০। এসিড ফস্ফরিক ডিল ... .. ১০ মিনিম।
টিং বেলাডনা ... ৫—১০ মিনিম।

স্পিরিট ক্লোরফরম	...	... ১৫ মিনিম।
টিং নক্সভমিকা	...	৫—১০ মিনিম।
ইন্‌ফিউশন্ কেস্কেরিলা	...	... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

Dropsy.

(ড্রপ্‌সি) শোথ।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এমন মিউরাস, এমন বেঞ্জোয়াস, আর্মোরেসি. ক্যানাবিস ইণ্ডিকা, কোপেবা, ডিজিটেলিস, ইলেটেরিয়াম, ফেরি এট পটাশি টাট্রাস, জুনিপার, মেগ্‌নেশিয়া সাল্‌ফ, ফস্ফরিক এসিড্ ডিল্, পটাশ নাইট্রাস, পটাশি এসিটাস, বিরাম, স্কুইল, স্কোপেরিয়াই, ওলিয়াম টেরিবেন্থিনি, ইউভা অর্সাই, জ্যালাপ, স্ক্যামনি, ক্রোটন অয়েল, কল্‌চিকাম।

নূতন ঔষধ।

এপসাইনাম (Apocynum) টিং ৫—৬০ মিনিম।

ক্যাফিন (Caffeine) ২—৫ গ্রেণ মাত্রা, মূত্রকারক।

চিমাফিলা (Chimaphila) ডিককৃশন্ ১—২ ঔন্স মাত্রা, মূত্রকারক।

জেবরাণ্ডি (Jaborandi) টিং ৩০—৬০ মিনিম মাত্রা, ঘর্ম্ম-কারক।

পাইলকার্পিন নাইট্রাস (Pilocarpine Nitras) ১/২০—১/৪ গ্রেণ মাত্রা, ঘর্ম্মকারক।

ষ্ট্রোফ্যান্থাস (Strophanthus) টিং ১—৫ মিনিম মাত্রা, মূত্র-কারক।

চিকিৎসা বিষয়ক টীকা।

শিরার অবরোধ হেতু শোথ হইলে আক্রান্ত স্থান ঈষদূর্দ্ধে সংস্থান করা কর্ত্তব্য।

ফুসফুসের রক্ত সঞ্চালনের অবরোধ হেতু শোথে বমন কারক ও কফনিঃসারক ঔষধ ব্যবহার করা কর্ত্তব্য।

হৃদ্‌কপাটের পীড়া জনিত শোথে হৃদ্‌পিণ্ডের গতির হ্রাস করা উচিত। হৃদ্‌পিণ্ডের শোথে ডিজিটেলিস অত্যন্ত মূল্যবান ঔষধ। কেবল ডিজিটেলিসে উপকার না হইলে তৎসহ সিলা এবং ব্লু পিল ব্যবহার করা কর্ত্তব্য।

হৃদ্‌কপাটের পীড়া জনিত শোথে ডিজিটেলিস সর্ব্বাপেক্ষা ফলদায়ক। ইহাতে উপকার না হইলে ষ্ট্রোফ্যান্থাস, কন্‌ভেলেরিয়া বা এডনিস্ ব্যবহার্য্য।

মূত্রযন্ত্রের পীড়া জনিত শোথ হইলে মূত্রকারক ঔষধই বিশেষ উপকারী তন্মধ্যে স্পিরিট ইথার নাইট্রিক, স্পিরিট জুনিপার, পটাশ নাইট্রাস, পটাশ বাইটার্ট ও স্কোপেরিয়াই সর্ব্বোৎকৃষ্ট ঔষধ। সময়ে সময়ে ক্যাফিন ব্যবহারে সন্তোষজনক ফল পাওয়া যায়।

যকৃতের সিরোসিস জনিত শোথে কোপেবা ব্যবহারে অনেক সময় ফল দর্শে।

জলীয় বিরেচক ঔষধ মূত্রকারক ঔষধের সহায়তা করে বলিয়া পাল্‌ভ জ্যালাপ কোং এবং ইলেটিরিযাম মূত্রকারক ঔষধ সহ ব্যবহার্য্য।

কখন কখন অন্যান্য বিরেচক ঔষধ সহ ক্যালমেল সেবনে উপকারিতা দৃষ্ট হয়।

ব্রাইট্স ব্যাধি জনিত শোথে কখন কখন ঘর্ম্মকারক ঔষধ

যথা জেবরাণ্ডি এবং পাইলকার্পিন ব্যবহারে ও উষ্ণজল স্বেদ এবং উষ্ণ বায়ু স্বেদ প্রয়োগে শোথ কমিয়া যায়।

উদর গহ্বরের শোথে মূত্রকারক ঔষধে কোন উপকার না হইলে ট্রোকার ক্যানিউলা দ্বারা জল বাহির করিয়া দেওয়া উচিত।

১। পটাশ এসিটাস ... ১০—২০ গ্রেণ।
স্পিরিট ইথার নাইট্রিক ... ৩০ মিনিম।
ডিকক্‌শন্ স্কোপেরিয়াই ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।
(সি, মার্চিসন, এম, ডি, এফ, আর্, এস্ লণ্ডন)

২। পাল্‌ভ সিলি ... ... ১½ গ্রেণ।
— ডিজিটেলিস .. ... ½ গ্রেণ।
পিল হাইড্রার্জাইরাই ... .. ২ গ্রেণ।
এক বটীকা, উপরোক্ত ঔষধ সহ প্রত্যহ তিন বটীকা সেব্য।

৩। পটাশ টার্ট এসিডা . ২ ড্রাম।
বোর‍্যাসিস . ... ১ ড্রাম।
একোয়া ফেনিকিউলাই ... ... ৮ ঔন্স।
স্পিরিট জুনিপার ... ... ৩ ড্রাম।
— ইথার নাইট্রিক ... . ৩ ড্রাম।
সিরাপ পেপেবেরিস্ . .. ৪ ড্রাম।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ কোপ্‌ল্যাণ্ড)

৪। ইন্‌ফিউশন্ বকু ... ... ৭ ঔন্স।
স্পিরিট ইথার নাইট্রিক ... ৪ ড্রাম।
লাইকর পটাসি ... ... ২ ড্রাম।

টিং সিলি ... ... ৩ ড্রাম।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ আব্, বিস্)

৫। পটাশি নাইট্রাস ... ... ½ ড্রাম।
স্পিরিট ইথাব নাইট্রিক .. ... ½ ঔন্স।
— জুনিপার . ... ৩ ড্রাম।
ডিকক্শন্ চিমাফিলা অথবা স্কোপে-
বিয়াই ... . ৭ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (ডাঃ নেলিগন্)

৬। পাল্ভ ডিজিটেলিস ... ... ২০ গ্রেণ।
— সিলি ... ২০ গ্রেণ।
পটাশি নাইট্রাস . ... ৫ ড্রাম।

১৫ পুরিয়া, প্রত্যহ ২।৩ পুবিয়া সেব্য।

৭। ইন্ফিউশন্ ডিজিটেলিস .. ৪ ঔন্স।
টিং ডিজিটেলিস ... ... ½ ড্রাম।
পটাশ এসিটাস ... ১ ড্রাম।
টিং ওপিয়াই ... ৫ মিনিম।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বাব সেব্য। (ডাঃ প্যাবিস)

৮। ইন্ফিউশন্ ডিজিটেলিস ... ৪ ড্রাম।
পটাশ এসিটাস ১০—২০ গ্রেণ।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ½—১ ড্রাম।
একোয়া সিনেমম্ ... সমষ্টি ১ ঔন্স।

একমাত্রা, প্রস্রাব বৃদ্ধি না হওয়া পর্যান্ত প্রত্যেক মাত্রা ৬ ঘণ্টান্তর সেব্য কিন্তু নাড়ী মস্তক অথবা পরিপাক যন্ত্র আক্রান্ত হইবা মাত্র ঔষধ ব্যবহার বন্ধ করিতে হইবে। (ডাঃ জয়)

৯। ইন্‌ফিউশন্ ডিজিটেলিস .. ২ ড্রাম।
স্পিবিট ইথার নাইট্রিক ... ½ ড্রাম।
ডিককৃশন্ স্কোপেরিয়াই সমষ্টি ১½ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ বার্কে)

১০। টিং ডিজিটেলিস ... ... ৩ ড্রাম।
— সিলি ... ... ১ ড্রাম।
½ ড্রাম মাত্রায প্রত্যেক ৪ ঘণ্টান্তব সেব্য। (ডাঃ হর্ণ)

১১। পাল্‌ভ ডিজিটেলিস ... ... ৯ গ্রেণ।
— সিলি . ... ৯ গ্রেণ।
অয়েল জুনিপাব .. ... ৮ মিনিম।
একৃষ্ট্রাক্ট জেন্‌শিযান ... .. ২০ গ্রেণ।
সিরাপ ... ... যথা প্রয়োজন।
১২ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ পিযার্সন)

১২। ইলেটিবিযাই ... .. ১½ গ্রেণ।
একৃষ্ট্রাক্ট হাযোসাযেমাস ... ... ৯ গ্রেণ।
— জেন্‌শিযান্ ... .. ৯ গ্রেণ।
১০ বটীকা, কোন কোন প্রকার শোথে অতি বিরেচনের জন্য প্রত্যহ ১৷৩ বটীকা সেব্য। (সেণ্টমেরিস্ হাঁসপাতাল)

১৩। ইলেটিবিযাই ... ... ১ গ্রেণ।
একৃষ্ট্রাক্ট কলসিন্থ কোং ... .. ৫০ গ্রেণ।
— হায়োসায়েমাস ... ... ১২ গ্রেণ।
১২ বটীকা, হৃদ্‌পিণ্ডের শোথে মূত্রকারক ঔষধে উপকার না হইলে প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ এ, কিল্‌যুব)

১৪। পাল্‌ভ জ্যালাপ .. ... ২৫ গ্রেণ।
টিং সেনা ... . ২ ড্রাম।
একোয়া মেন্থপিপ ... .. ১০ ড্রাম।
পটাশ বাইটার্ট ... ... ১ ড্রাম।
সিরাপ জিঞ্জাব ... ১ ড্রাম।
একমাত্রা, রাত্রিতে শয়নকালে সেব্য। (ডাঃ গ্রেগরী)

১৫। অয়েল জুনিপাব ... ... ½ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ... ৩ ড্রাম।
টিং ডিজিটেলিস ... ... ৩ ড্রাম।
২০।৩০ মিনিম মাত্রায প্রত্যহ তিনবাব সেব্য।
(প্রঃ হুফিল্যাণ্ড)

১৬। লাইকর পটাশি ... ... ২ ড্রাম।
পটাশ নাইট্রাস ... ২ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ৩ ড্রাম।
সিরাপ সিলি . . ৬ ড্রাম।
পবিশ্রুত জল ... ... ৬ ঔন্স।
৪ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য।
(সাব, ডব্লিউ ফার্গুসন্‌)

১৭। পটাশ এসিটাস ... .. ২০ গ্রেণ।
টিং ডিজিটেলিস ... ৫ মিনিম।
— ক্যান্থাবিস ... .. ১০ মিনিম।
স্পিবিট ইথার নাইট্রিক ... ½ ড্রাম।
একোযা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ বড্‌)

১৮। পটাশ টার্ট্রাস এসিডা ... ... ½ ড্রাম।
পাল্ভ সিলি ... ... ২ গ্রেণ।
— জিঞ্জার ... ... ৪ গ্রেণ।
এক পুরিয়া, উদরি রোগে প্রত্যেক পুরিয়া ৪।৬ ঘণ্টান্তর সেবা।
(ডাঃ এ, টি, টম্সন্)

১৯। পটাশ নাইট্রাস ... ১০ গ্রেণ।
— টার্ট্রাস এসিডা .. ২০ গ্রেণ।
পাল্ভ একেশিয়া ... ... ১০ গ্রেণ।
শর্করা .. ... ½ ঔন্স।
এক পুরিয়া, বার্লী ওয়াটার সহ প্রত্যহ ৩।৪ পুরিয়া সেব্য।
(ডাঃ হুপার)

২০। পটাশ আইওডাইড ... ... ৩ গ্রেণ।
টিং সিলি ... ২০ মিনিম।
ইন্ফিউশন অব্যান্সাই কোং .. ১০ ড্রাম।
সিরাপ অব্যান্সাই ... .. ১ ড্রাম।
একমাত্রা উদরি রোগে প্রত্যহ তিন মাত্রা সেব্য।
(ডাঃ গ্রেগরী)

২১। পটাশ নাইট্রাস .. . ১০ গ্রেণ।
টিং সিলি ... ২০ মিনিম।
— ডিজিটেলিস ... ৫—১০ মিনিম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ½ ড্রাম।
ডিককৃশন্ স্কোপেরিয়াই .. ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।
(রবার্ট যে, গ্রেভস্, এম, ডি, ডবলিন)

২২। পটাশ নাইট্রাস ... ... ১ ড্রাম।
মিক্শ্চুরা এমিগডেলি ... ... ৬ ঔন্স।
স্পিরিট জুনিপার কোং ... ... ১½ ঔন্স।
এসিটাম্ সিলি .. ... ৬ ড্রাম।

½ ঔন্স মাত্রায় প্রত্যেক ৩ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ স্যাভরী)

২৩। অর্ক্জিমেল সিলি .. .. ১½ ঔন্স।
পটাশ বাইটার্ট ... .. ৩ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

২৪। সোডিযাই সাল্ফেট ... ... ১ ঔন্স।
পটাশ বাইটার্ট ... ... ১ ঔন্স।
স্পিরিট ইথার নাইট্রিক ... .. ২ ড্রাম।
সিরাপ ... .. ১ ঔন্স।
একোয়া .. .. ৫½ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ ২ বার সেব্য।

(ডাঃ প্রোচার, প্যারিস)

২৫। টিং ক্যান্থারাইডিস ... ... ১½ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ৬ ড্রাম।
সিরাপ অর্যান্সাই ... ... ১ ঔন্স।
একোয়া ফেনিকিউলাই ... ৮ ঔন্স।

ভিন্ন ভিন্ন প্রকারের শোথে ½ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেব্য। (ঐ)

২৬। টিং ডিজিটেলিস ... .. ½ ড্রাম।
এক্স্ট্রাক্ট আর্গট লিকুইড্ ... ½ ড্রাম।
এসিড গ্যালিক ... ... ২০ গ্রেণ।

পটাশ ব্রোমাইড্	...	...	২ ড্রাম।
একোয়া লরেসিবেসাই	...	...	২ ড্রাম।
সিরাপ	..	...	৩ ঔন্স।
অক্‌জিমেল সিলি	...	.	৪ ঔন্স।

নানা প্রকার শোথে ½ ঔন্স মাত্রায়, জল সহ প্রত্যহ ২।৩ বার সেব্য। (প্রঃ এ, গব্‌লার, প্যারিস)

২৭। পাল্‌ভ সিলি .. .. ৮০ গ্রেণ।
— ডিজিটেলিস ... ... ৮০ গ্রেণ।
সিরাপ ... .. যথা প্রয়োজন।

১০০ বটীকা, নানা প্রকার শোথে প্রত্যহ ১—৫ বটীকা সেব্য। (ঐ)

২৮। পাল্‌ভ সিলি ... ... ২০ গ্রেণ।
— ডিজিটেলিস .. ... ২০ গ্রেণ।
পটাশ নাইট্রাস ... ... ৫ ড্রাম।

১৫ পুরিয়া, প্রত্যহ ১—৫ পুরিয়া সেব্য।

(হেন্‌রী উইলিয়াম ফুলার এম, ডি, লণ্ডন)

২৯। পটাশি সাল্‌ফাস্ ... ... ১½ ড্রাম।
— বাইটার্ট্রাস ... ... ১½ ড্রাম।
— নাইট্রাস .. ... ১½ ড্রাম।
পাল্‌ভ ডিজিটেলিস ... ... ১৫ গ্রেণ।

২০ পুরিয়া, নিম্ন শাখায় শোথ হইলে প্রত্যহ ১—৩ পুরিয়া সেব্য। (ঐ)

৩০। লাইকর এমনি এসিটেটিস .. ১ ঔন্স।
এসিড্ এসিটিক ডিল্ .. ... ২½ ড্রাম।

টিং ফেরি ক্লোরাইড ... ... ২ ড্রাম।
একোয়া .. ... ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য।

(ডাঃ বব্লিউ, আর, ব্যাসাম লণ্ডন)

৩১। ডিজিটেলিন্ ... ... ১/৪ গ্রেণ।
পাল্‌ভ সিলি ... .. ১৫ গ্রেণ।
— স্ক্যামনি ... ১৫ গ্রেণ।
মিউসিলেজ ... .. যথা প্রয়োজন;

১০০ বটীকা, উপকার না হওয় পর্য্যন্ত প্রত্যহ ২।৪।৬ বটীকা সেব্য। (ডাঃ জে, হোপ্)

৩২। ইলেটিরিযাই .. .. ২ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট জেন্‌শিয়ান ... .. ২০ গ্রেণ।

৪ বটীকা, দাস্ত না হওযা পর্য্যন্ত প্রত্যেক পিল প্রত্যেক ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩৩। ইলেটিরিযাই ... ... ১ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট কলসিন্থ কোং .. ৪০ গ্রেণ।
— হাযোসাযেমাস .. ১২ গ্রেণ।

১২ বটীকা, প্রত্যহ রাত্রিতে এক বটীকা সেব্য। (ঐ)

৩৪। পাল্‌ভ জ্যালাপ কোং ... ২০—৩০ গ্রেণ।
পটাশ বাইটার্ট ... ৫—১৫ গ্রেণ।
অযেল ক্যাকুই ... ... ২ মিনিম।
একোয়া ... ১২ ঔন্স।

এক মাত্রা সেব্য। আবশ্যক হইলে আরও ২।১ মাত্রা সেব্য।

(ঐ)

Incontinence of Urine.

ইনকণ্টিনেন্‌স্‌ অব্‌ ইউরিন্‌।

মূত্রধারণে অসমর্থতা।

ব্যবহৃত ঔষধের তালিকা।

বেলাডনা, ক্যান্থারিস, আর্গট, ফেরি পারক্লোরাইড টিং, নক্সভমিকা, ষ্ট্রিক্‌নিয়া।

নূতন ঔষধ।

এণ্টিপাইরিন (Antipyrin) ১—৪ গ্রেণ মাত্রা, বালকদের জন্য।

গোখরু (Gokhru) ইন্‌ফিউশন ২—৫ ঔন্স মাত্রা, ভারতবর্ষে ব্যবহার হয়।

লুপুলিন (Lupulin) ২—৫ গ্রেণ মাত্রা।

লাইকপোডিয়াম (Lycopodium) টিং ১৫—৬০ মিনিম মাত্রা, ঘন ঘন প্রস্রাব হইলে ব্যবহার্য্য।

নেপ্‌থালিন (Napthalin) ২—৫ গ্রেণ মাত্রা।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে মূত্রাশয়ের মূত্র বহির্গত করিবার শক্তি বৃদ্ধি হইয়া থাকে কিন্তু সেই শক্তি হ্রাস করিবার জন্য যত্নবান হওয়া উচিত এবং তজ্জন্য বেলাডনাই উপযুক্ত ঔষধ।

প্রথমতঃ বেলাডনা অল্প মাত্রায় প্রযোগ করিয়া ২য় সপ্তাহে উহার ১/৪ অংশ এবং ৩য় সপ্তাহে ১/৩—১/২ অংশ বৃদ্ধি করিয়া দেওয়া কর্ত্তব্য। ৪র্থ সপ্তাহ পর হইতে ক্রমশঃ মাত্রা কম করিয়া দেওয়া উচিত।

বেলাডনা ব্যতিরেকে টিং ফেরি পারক্লোরাইড, ষ্ট্রিকনিয়া,

টিং ক্যান্থারাইডিস এবং পটাশ ব্রোমাইড সেবনে উপকার দর্শে।

কখন কখন আর্জেণ্টাই নাইটাসের দ্রব (১০ গ্রেণ - ১ ঔন্স) প্রস্তুত করিয়া মূত্রনালী মধ্যে পিচকারী দিলে উপকার প্রাপ্ত হওয়া যায়।

১। টিং ক্যান্থারাইডিস .. .. ২ মিনিম।
— হায়োসায়েমাস .. ... ৫ মিনিম।
একোয়া .. ... ৪ ড্রাম।

বালকদের জন্য একমাত্রা, প্রত্যহ ৪ মাত্রা সেব্য।

(ডাঃ গ্রেগরী)

২। ক্লোরাল হাইড্রাস ... ৫—৭½ গ্রেণ।
একোয়া .. .. ৪ ড্রাম।

৯ বৎসর বয়স্ক বালকদের জন্য একমাত্রা, রাত্রিতে শয়নকালে সেব্য। (ভেকিজিট্)

৩। এক্‌ষ্ট্রাক্ট আর্গট লিকুইড .. ১ ড্রাম।
টিং নক্সভমিকা ... ১৬ মিনিম।
সিরাপ ... . ১½ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

(প্রঃ এট্‌কিন্‌সন্, আমেরিকা)

৪। পাল্‌ভ বেলাডনা ফোলিয়া $\frac{1}{6}$—$\frac{1}{3}$ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... $\frac{1}{6}$ গ্রেণ।

এক বটীকা, রাত্রিতে সেব্য। (ডাঃ লি)

৫। এক্‌ষ্ট্রাক্ট আর্গট লিকুইড ৫—১০ মিনিম।
টিং বেলাডনা ... ৫—১০ মিনিম।

সিরাপ অর‍্যান্সাই ... ... ২ ড্রাম।
একোয়া .. ... ৪ ড্রাম।

১০ বৎসর বয়স্ক বালকদের জন্য এক মাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

৬। একষ্ট্রাক্ট নক্সভমিকা ... ... ৩ গ্রেণ।
ফেবি সাল্‌ফ ... ... ১০ গ্রেণ।
পাল্‌ভ কোয়াশিয়া ... .. ৪৫ গ্রেণ।
সিবাপ ... যথা প্রয়োজন।

২০ বটীকা, প্রত্যহ ১—৩ বটীকা সেব্য। (ডাঃ গ্রিসোল্‌)

৭। সিবাপ ফেবি আইওডাইড ... ৪ ড্রাম।
টিং বেলাডনা ... ... ২ ড্রাম।
একষ্ট্রাক্ট আর্গট লিকুইড . ১ ঔন্স।
সিবাপ ... সমষ্টি ৩ ঔন্স।

জলসহ ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বাব সেব্য।

(ডাঃ এস, ডব্লিউ, আর্মিটেজ)

৮। টিং বেলাডনা ... .. ১ ড্রাম।
লাইকব ষ্ট্রিক্‌নিয়া ... ... ১০ মিনিম।
টিং ক্যান্থারাইডিস্‌ ... ... ৩০ মিনিম।
সিবাপ অর‍্যান্সাই .. ... ৪ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

৯ বৎসর বালকদের জন্য ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

Functional Urinary Disorders.

ফাংসান্যাল ইউরিন্যারী ডিসঅর্ডার্স।

মূত্রযন্ত্রের ক্রিয়ার বৈষম্য।

Uric, Phosphoric and Lithic acid Diathisis.

ইউরিক, ফস্ফরিক এণ্ড লিথিক এসিড্ ডায়থিসিস। মূত্রের অস্বাভাবিক অবস্থা।

ব্যবহৃত ঔষধের তালিকা।

এসিড্ বেঞ্জোইক, এসিড্ নাইট্রমিউরিয়াটিক্ ডিল, এসিড ফস্ফরিক ডিল্, বকু, বেলাডনা, কলম্বা, ক্যাম্বেরিলা, জেন্‌শিয়ান, হায়োসায়েমাস, লাইকর পটাশি, লিথিয়া কার্ব্ব, লিথিয়া সাইট্রাস, মেগ্‌নেশিয়া কার্ব্ব, পটাশ বাইকার্ব্ব, পটাশ নাইট্রাস।

নূতন ঔষধ।

লিথিয়া বেঞ্জোয়াস (Lithæ Benzoas) ২—১০ গ্রেণ মাত্রা।

লিথিয়া ব্রোমাইড্ (Lithæ Bromide) ৫—১৫ গ্রেণ মাত্রা।

লিথিয়া সেলিসিলাস (Lithæ Salicylas) ৫—২০ গ্রেণ মাত্রা।

পিপারেজেন (Piperazine) ৫ গ্রেণ মাত্রা।

চিকিৎসা বিষয়ক টীকা।

অজীর্ণ জনিত পীড়ায় যাহাতে মূত্রে ইউরিক এসিড এবং ইউরেট অধিক পরিমাণে নির্গত হয় তজ্জন্য পটাশ বাইকার্ব্ব, পটাশ সাইট্রাস এবং সোডা বাইকার্ব্ব অত্যন্ত উপকারী।

লিথিয়া কার্ব্ব, লিথিয়া সাইট্রাস, লিথিয়া বেঞ্জোয়াস এবং লিথিয়া সেলিসিলাস সেবনেও উপকার দর্শে।

